Lifeboats










# প্রশিক্ষক/মূল্যায়নকারী ম্যানুয়াল

মে ২০১৯

জীবনরক্ষাকারী সংগঠনগুলোর জন্য তৈরি

# এই ম্যানুয়াল সম্বন্ধে

এই ম্যানুয়ালটির লক্ষ্য হচ্ছে সাংগঠনিক এবং কর্মক্ষম প্রশিক্ষক / মূল্যায়নকারীদের সাম্প্রতিক এবং সঠিক জ্ঞানসমূহ সরবরাহ করা।

এই ম্যানুয়ালটি জীবন রক্ষাকারী সংস্থাসমূহ এবং জরুরী সেবাসমূহের জন্য ডিজাইন করা হয়েছে ।

এই ম্যানুয়ালটি একটি নির্দেশিকা নথি হিসাবে ডিজাইন করা হয়েছে এবং স্থানীয় পরিবেশের সঙ্গে উপযোগী করে এটি সংশোধন করা যেতে পারে।

এই ম্যানুয়ালটি ৩ বছর পরে আবার পর্যালোচনা করা হবে। অনুগ্রহ করে আপনার যেকোনো মন্তব্য এবং মতামত ইমেইলে পাঠানোর জন্য অনুরোধ করা হলো: international@rnli.org.uk

## এপ্রিল ২০১৯

পরিচালিত এবং নির্মিত:

Royal National Lifeboat Institution
West Quay Road
Poole
Dorset
BH15 1HZ
England

টেলিফোন: +৪৪ (০) ১২০২ ৬৬৩০০০
ওয়েব: RNLI.org
ইমেইল: international@rnli.org.uk

আর.এন.এল.আই ইংল্যান্ড এবং ওয়েলস (২০৯৬০৩) এবং স্কটল্যান্ড (SC০৩৭৭৩৬) নিবন্ধিত একটি দাতব্য প্রতিষ্ঠান। রিপাবলিক অফ আয়ারল্যান্ডে নিবন্ধিত দাতব্য সংখ্যা ২০০০৩৩২৬।

এই নথিটি RNLI এর পূর্বে সম্মতি ছাড়া পুনরুৎপাদন করা যেতে পারে। RNLI এই ম্যানুয়াল ব্যবহারজনিত কোন প্রকার ফলাফলের জন্য দায়িত্ব গ্রহণ করে না।

ফটোসমূহ: RNLI, DWFR এর জন্য বিভিন্ন অবদানকারী।

Dorset & Wiltshire Fire and Rescue Authority
Safety Drive
Poole
BH17 7FR
England

টেলিফোন: +৪৪ (০) ১২০২ ৬৯১০৯৮
ওয়েব: www.dwfire.org.uk
ইমেইল: enquiries@dwfire.org.uk

দাবি পরিত্যাগী
এই ম্যানুয়ালের বিষয়বস্তু শুধুমাত্র সাধারণ নির্দেশনার জন্য। এটি সেরা অনুশীলনগুলোর প্রতিনিধিত্ব করে প্রকাশনার তারিখ পর্যন্ত এবং এটিকে আইনি পরামর্শ হিসাবে বিবেচনা করা উচিত নয়। এই ম্যানুয়াল যারা ব্যবহার করতে ইচ্ছুক তাদের প্রয়োজন হলে পেশাদারীদের কাছে পরামর্শ চাওয়া উচিত। RNLI or DWFR এই নথিতে কোন প্রকার ত্রুটি সম্পর্কিত দায়িত্ব গ্রহণ করে না।

# বিষয়বস্তু


ভূমিকা ১

ইউনিট ১: শিক্ষা ও উন্নয়ন ২
১.১ শিক্ষা কি? ৩
১.২ কিভাবে মানুষ অভিজ্ঞতার মধ্য দিয়ে শিখতে পারে ৪
১.৩ শেখা মনে রাখা ৬
১.৪ শেখার ক্ষেত্রে বাধাসমূহ ৮

ইউনিট ২: প্রশিক্ষণ এবং মূল্যায়ন চক্র ১০
২.১ প্রশিক্ষণ এবং মূল্যায়ন চক্র ১১
২.২ যোগ্যতা ভিত্তিক প্রশিক্ষণ এবং মূল্যায়ন ১৩
২.৩ আর এনএল আই এর আন্তর্জাতিক প্রশিক্ষণ রিসোর্স এবং উন্নয়ন চক্রের উদাহরণ। ১৫

ইউনিট ৩: প্রশিক্ষণের চাহিদাসমূহ ১৬
৩.১ কাদেরকে প্রশিক্ষণ দেয়া যাবে? ১৭

ইউনিট ৪: পরিকল্পনার প্রশিক্ষণ ১৮
৪.১ শিক্ষার্থী ১৯
৪.২ প্রশিক্ষণ এবং মূল্যায়ন পর্যালোচনা ২০
৪.৩ মূল্যায়ন মানদণ্ড ২১
৪.৪ শেখার ফলাফলসমূহ ২১
৪.৫ সেশন পরিকল্পনাসমূহ ২২
৪.৬ কোর্সের পরিকল্পনা ২৪
৪.৭ প্রশিক্ষণ পদ্ধতিসমূহ ২৭

ইউনিট ৫: ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণ ৩২
৫.১ ঝুঁকি মূল্যায়ন ৩৩
৫.২ ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণ ৩৫

# বিষয়বস্তু


## ইউনিট ৬: দক্ষতাসমূহের প্রশিক্ষণ ৩৬

৬.১ প্রশিক্ষণের পরিবেশ ৩৭
৬.২ প্রশিক্ষণ কোর্সের পরিচিতি ৩৮
৬.৩ যোগাযোগ ৩৯
৬.৪ প্রদানের পদ্ধতিসমূহ ৪১
৬.৫ শ্রেণীকক্ষের ব্যবস্থাপনা ৪৩
৬.৬ প্রতিক্রিয়া/মতামত প্রদান ৪৪
৬.৭ রিসোর্সসমূহের প্রশিক্ষণ ৪৭

## ইউনিট ৭: মূল্যায়ন এবং যাচাইকরণ ৪৯

৭.১ মূল্যায়ন কি ? ৫০
৭.২ মূল্যায়ন পদ্ধতিসমূহ ৫১
৭.৩ কখন মূল্যায়ন করা উচিত ৫২
৭.৪ মূল্যায়ন পরিকল্পনা ৫৩
৭.৫ মূল্যায়ন পরিচালনা ৫৬
৭.৬ যাচাইকরণ ৫৭

## ইউনিট ৮: প্রশিক্ষণ এবং মূল্যায়ন পর্যালোচনা ৫৮

৮.১ পর্যালোচনার পদ্ধতিসমূহ ৫৯
৮.২ পেশাদারী উন্নয়ন ৬০

## ইউনিট ৯: প্রশাসনের প্রশিক্ষণ ৬১

৯.১ প্রশাসনের প্রশিক্ষণ ৬২
৯.২ প্রশিক্ষণ এবং মূল্যায়ন রেকর্ডিং ৬৩

## পরিশিষ্টসমূহ ৬৪

# ভূমিকা

এই ম্যানুয়ালটি জীবনরক্ষা করার কাজে জড়িত প্রশিক্ষক / পরামর্শদাতা/ মূল্যায়নকারীদের প্রশিক্ষণ ও উন্নয়নে সহায়তা করার জন্য ডিজাইন করা হয়েছে। এটি RNLI (আরএনএলআই) রিসোর্স সেটের অংশ হিসাবে ডিজাইন করা হয়েছে তবে এটি শিক্ষাদান, প্রশিক্ষণ এবং মূল্যায়নের সঙ্গে জড়িত ব্যক্তিদের দ্বারা ব্যবহার করা যেতে পারে।

## একজন প্রশিক্ষক/পরামর্শদাতা / মূল্যায়নকারীর ব্যক্তিগত গুণাবলী

একজন কার্যকরী প্রশিক্ষক / পরামর্শদাতা / মূল্যায়নকারীর অনেকগুলো ব্যক্তিগত গুণাবলী থাকা আবশ্যক। তাদের যে গুণাবলীগুলো থাকা উচিত:

- সহনশীল
- উদ্যমী
- সুসংগঠিত
- আত্মবিশ্বাসী
- অনুপ্রেরণাকারী
- শান্ত
- সাবধানী
- নিরপেক্ষ




- যোগাযোগের ক্ষেত্রে সক্রিয়
- পরিকল্পনা এবং বাস্তবায়ন করতে সক্ষম
- উন্নয়নের কাজে সহায়ক
- তাদের এলাকাবাসীদের সম্পর্কে জ্ঞান রয়েছে
- তাদের কাজের এলাকার বিভিন্ন বিষয়ে জ্ঞান রয়েছে
- আত্মসচেতন
- সৎ

# ইউনিট ১: শিক্ষা ও উন্নয়ন



শেখার ফলাফলসমূহ

১.১ শেখার বিষয়বস্তুগুলো বুঝতে পারা




১.২ মানুষ কিভাবে এবং কেন শিখে তা বুঝতে পারা। শেখার চক্র সম্পর্কে বুঝতে পারা।

১.৩ নিয়মিত প্রশিক্ষণগুলো পুনরুজ্জীবিত/ পুনরাবৃত্তি করার গুরুত্ব বুঝতে পারা।

১.৪ যে কারনগুলি শেখার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে সেগুলো বুঝতে পারা।

## ১.১ শিক্ষা কি?

শিক্ষা যেকোনো ব্যক্তির জ্ঞান, দক্ষতা অথবা মনোভাব পরিবর্তনে বিশেষ অবদান রাখে। নীচের টেবিলটিতে একটি উদাহরণের সঙ্গে প্রতিটি উপাদান/বিষয়বস্তুর বর্ণনা দেয়া হয়েছে।

| শেখার বিষয়বস্তু | বর্ণনা | উদাহরণ | |
|---|---|---|---|
| জ্ঞান | তথ্য এবং নিয়ম শেখানোকে বোঝানো হয়েছে। | একটি বন্যাকবলিত পরিবেশ সম্পর্কিত বিপদগুলো সম্পর্কে শেখা। |  |
| দক্ষতা | কিছু অর্জনের ক্ষেত্রে দক্ষতার ব্যবহার স্থাপন করা। | একজন বিপদগ্রস্ত ব্যক্তিকে বন্যার পানি থেকে একটি থ্রোলাইন ব্যবহার করে কিভাবে উদ্ধার করতে হবে তা শেখা। |  |
| মনোভাব এবং আচরণ | মনোভাব সাধারণত অনুভূতি এবং বিশ্বাসকে বোঝায়। মানুষ যেভাবে কাজ করে তা হচ্ছে তার আচরণ ব্যক্তির মনোভাব আচরণকে প্রভাবিত করবে। | বন্যা পরিস্থিতিতে আরো আত্মবিশ্বাসী হওয়ার জন্য মনোভাবের পরিবর্তন আনা। |  |

প্রায়ই দেখা যায় কাউকে নতুন জ্ঞান বা দক্ষতা শেখানোর ফলে তাদের মনোভাবে ব্যাপক পরিবর্তন আসে।

অনানুষ্ঠানিক শিক্ষা আমাদের চারপাসে সব সময়ই ঘটতে দেখা যায়- উদাহরণস্বরূপ, একটি শিশু কিভাবে হাতে তালি দিতে হয় তা সে অন্যদের দেখে শিখে থাকে।

প্রথাগত শিক্ষা সাধারণত বিশেষ কাঠামোগত শেখার পরিস্থিতিতে ঘটে থাকে - উদাহরণস্বরূপ, এক দল শিক্ষার্থীকে একজন প্রশিক্ষকের দ্বারা প্রাথমিক চিকিৎসার পদ্ধতি শেখানো হচ্ছে।

### শেখার গভীরতা

মানুষ বিভিন্ন স্তরে অথবা মাত্রায় শিখতে পারে যা তাদের নিজস্ব প্রয়োজন এবং ক্ষমতার উপর নির্ভর করে।
নিম্নলিখিত টেবিলটি শেখার প্রথম তিনটি স্তর প্রদর্শন করে।





| শেখার গভীরতা | আমরা কিভাবে শেখার মূল্যায়ন করতে পারি | উদাহরণ |
|---|---|---|
| জ্ঞান | বুঝিয়ে বলা | উদ্ধারের ধাপ /ক্রম বর্ণনা করা। |
| বোধশক্তি | ব্যাখ্যা করা | কেন আমাদের উদ্ধারের বিভিন্ন ধাপ/ক্রম রয়েছে তা সম্পর্কে ব্যাখ্যা করা। |
| আবেদন (সক্ষম হতে হবে) | প্রদর্শন করা | উদ্ধারের সঠিক ক্রম/ধাপ ব্যবহার করে বন্যার পানি থেকে কাউকে উদ্ধার করার দক্ষতা প্রদর্শন করা। |

## ১.২ কিভাবে মানুষ অভিজ্ঞতার মধ্য দিয়ে শিখতে পারে

নীচে দেখানো শেখার চক্রটি প্রশিক্ষকদের প্রশিক্ষণ সেশন ডিজাইনের ক্ষেত্রে সহায়ক হিসেবে প্রায়ই ব্যবহৃত হয়ে থাকে।

কোন ব্যক্তি কিভাবে শিখতে পারে তা এটি প্রদর্শন করে।

শেখার চক্র




কল্ব থেকে সংগৃহীত (১৯৮৪)

শেখার বিভিন্ন পর্যায় রয়েছে।

| শেখার পর্যায় | উদাহরণ<br>কিভাবে একটি উদ্ধার থ্রোলাইন সম্পাদন করতে হয় তা শিখতে পারা |
|---|---|
| করা | একজন শিক্ষার্থী দেখে শিখতে পারে কিভাবে একজন প্রশিক্ষক একটি উদ্ধার থ্রোলাইন সম্পাদন করে এবং এরপর তারা নিজে এটি অনুশীলনের চেষ্টা করে এবং একটি মাথার উপরে নিক্ষেপ /ওভারহেড থ্রো সম্পাদন করতে সক্ষম হয়। |
| পর্যালোচনা | শিক্ষার্থী সেশনটি কেমন ছিল সে সম্পর্কে চিন্তা করবে। শিক্ষার্থীরা এটি পর্যবেক্ষণ করবে যে ওভারহেড থ্রো সম্পাদন করাটা কঠিন ছিল এবং বিপদগ্রস্ত ব্যক্তির নিকট লাইনটি পৌঁছাতে সক্ষম হয়নি। |
| শেষ করা | রেসকিউ থ্রোলাইন কৌশলটি কিভাবে আরো উন্নত করা যায় শিক্ষার্থীরা সেসম্পর্কে চিন্তা করবে।<br>তারা তাদের প্রাসঙ্গিক অপারেটিং পদ্ধতিগুলি পড়বে, অন্যরা কাজটি কিভাবে করে তা দেখবে এবং প্রশিক্ষকের পরামর্শ নিবে। |
| পরিকল্পনা করা | শিক্ষার্থী একটি আন্ডারআর্ম থ্রো ব্যবহারের মাধ্যমে আবারও একটি থ্রো রেসকিউ সম্পাদন করার পরিকল্পনা করে যা তাদেরকে বিপদগ্রস্ত ব্যক্তির নিকট পৌঁছাতে সাহায্য করবে। |

## শেখার শৈলীসমূহ/ধরন

প্রত্যেকেরই শেখার নিজস্ব শৈলী রয়েছে। কিছু মানুষ বই পড়তে পছন্দ করেন। কিছু মানুষ ভিডিও দেখতে পছন্দ করেন। আবার অনেকে অভিজ্ঞতা থেকে শিখতে পারেন।

একজন প্রশিক্ষক/ পরামর্শদাতা/মূল্যায়নকারী হিসেবে আপনার বিভিন্ন উপায়ে প্রশিক্ষণ প্রদান করা উচিত যা পৃথকভাবে শিক্ষার্থীদের শেখার শৈলী তুলে ধরে।

মানুষ যেভাবে শিখতে পারে:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পড়া |  | শিক্ষার্থীরা শিক্ষার্থী সম্পর্কিত স্টুডেন্ট ম্যানুয়ালটি পড়ে। | শ্রবণ |  | শিক্ষার্থী তার প্রশিক্ষকের ব্যাখ্যা শুনে। |
| দেখা |  | শিক্ষার্থী তার প্রশিক্ষকের দেয়া প্রদর্শন দেখে। | করা |  | শিক্ষার্থী নিজেই কার্যকলাপটি সম্পন্ন করে। |

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় মনে রাখা জরুরি যে সবাই আপনার পদ্ধতিতে শিখতে পছন্দ নাও করতে পারে। নিজের জন্য প্রশিক্ষণটি ডিজাইন করবেন না, আপনি যে শিক্ষার্থীদের শিক্ষাদান করছেন তাদেরকে বিবেচনায় রেখে এটি ডিজাইন করুন।

## ১.৩ শেখা মনে রাখা

এটি ব্যাপকভাবে পরিচিত যে শিক্ষার্থীরা তাদের শিক্ষার অভিজ্ঞতাগুলো সময়ের সাথে ভুলে যেতে পারে। এই কারণে আপনার প্রশিক্ষণটি এমনভাবে ডিজাইন করা গুরুত্বপূর্ণ যেন এটি যতটা সম্ভব স্মরণীয় এবং কার্যকরী হয়। আপনাকে প্রশিক্ষণটি রিফ্রেশ/সতেজ করতে হবে এবং নিয়মিত পুনর্মূল্যায়ন করতে হবে। আপনার সাংগঠনিক আন্তর্জাতিক রিসোর্সগুলো পুনর্মূল্যায়নের জন্য প্রস্তাবিত সময়সীমা নির্দেশ করবে।

প্রশিক্ষণের সময় শিক্ষার্থীদের প্রয়োজনীয় জ্ঞান এবং দক্ষতা মনে রাখতে সাহায্য করার জন্য বিভিন্ন পদ্ধতি প্রচলিত রয়েছে যেগুলো ব্যবহার করা যেতে পারে:

- আপনার শিক্ষার্থীদের সঙ্গে সম্পৃক্ততা স্থাপন করুন, তাদেরকে প্রশ্ন করুন, কুইজ পরিচালনা করুন, আলোচনার পরিবেশ তৈরি করুন।
- শিক্ষার্থীদের শেখার বা কর্মক্ষমতা পর্যালোচনার জন্য পর্যাপ্ত সময় দেয়া উচিত।
- প্রশিক্ষণের গুরুত্বপূর্ণ জ্ঞান বা দক্ষতাগুলোর পুনরাবৃত্তি করা প্রয়োজন।
- শেখার বিষয়গুলো ছোট ছোট অংশে ভাগ করা উচিত যেন পরিচালনা করতে সহজ হয় (বিভিন্ন ভাগে বিভক্ত যা ‘চাংকিং’ হিসেবে পরিচিত)।
- শিক্ষার্থীদের একটি পরিস্থিতি বা সমস্যা সমাধানের ক্ষেত্রে তাদের শিক্ষা ব্যবহারের অনুমতি দিন (দৃশ্যকল্পের প্রশিক্ষণ)
- তিনটি গ্রুপ ব্যবহার করুন -এটা প্রমাণিত হয়েছে যে আমাদের মস্তিষ্ক তিনে প্রক্রিয়া করতে পছন্দ করে।

শেখার পিরামিড পদ্ধতি




শেখার পিরামিডটি শিক্ষার্থীদের শিখতে এবং তথ্য বজায় রাখতে সাহায্য করার ক্ষেত্রে কিছু সেরা উপায় প্রদর্শন করে। যদিও এই উপায়গুলো সকল শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়, এটি জীবনবাঁচানো মূলক প্রশিক্ষণ এবং মূল্যায়নের ক্ষেত্রে প্রাসঙ্গিক। এটি পরিলক্ষিত হয় যে, সক্রিয় শিক্ষা জীবনবাঁচানোমূলক প্রশিক্ষণের ক্ষেত্রে সবচেয়ে কার্যকরী।


একজন প্রশিক্ষক হিসাবে এটি গুরুত্বপূর্ণ যে, কোন ধরনের পরিস্থিতিতে শিক্ষার্থীরা নতুন তথ্য গ্রহণ করতে পারে এবং সেগুলো কিভাবে শেখায় স্থানান্তরিত হয় তা বুঝতে পারে। ৭০,২০,১০ মডেলটি কার্যকরভাবে শেখার একটি সামঞ্জস্যপূর্ণ আনুপাতিক বিশ্লেষণ প্রদর্শন করে (নিচের গ্রাফিকটি দেখুন)।

শেখার অভিজ্ঞতাগুলি গ্রহণ করার সময় শিক্ষার্থীদের পূর্ব অভিজ্ঞতা এবং তাদের মনস্তত্ব বিবেচনা করা খুব গুরুত্বপূর্ণ। শেখা ও বুদ্ধিমত্তা সম্পর্কে একজন শিক্ষার্থীর অন্তর্নিহিত বিশ্বাসকে বর্ণনা করার জন্য 'স্থায়ী' এবং 'বৃদ্ধি' এই মনস্তাত্ত্বিক শব্দগুলির তৈরি হয়েছে।

যখন কোন শিক্ষার্থী কোন মূল্যায়নে প্রত্যাশিত ফলাফল অর্জন করতে ব্যর্থ হয়, তখন তাদের মানসিকভাবে উন্নতি করার ক্ষমতার উপর একটি বিশাল প্রভাব ফেলে, তারা একই জায়গায় আটকে থাকে অথবা তাদের কর্মদক্ষতার আরও অধঃপতনেরও সম্ভবনা থাকে। এ ধরনের নির্দিষ্ট মানসিকতার ব্যক্তিরা বিশ্বাস করে যে তাদের গুণগুলো নির্দিষ্ট বৈশিষ্ট্যের এবং সেকারণে সেগুলো পরিবর্তন করা সম্ভব নয়।

এ ধরনের মানুষ তাদের অগ্রগতি এবং উন্নতির জন্য কাজ না করে বরং তাদের বুদ্ধিমত্তা এবং প্রতিভা শুধুমাত্র নথিভুক্ত করে রাখে। তারা এটাও বিশ্বাস করে যে শুধু প্রতিভা সাফল্যের দিকে পরিচালিত করে এবং এক্ষেত্রে প্রচেষ্টার প্রয়োজন হয় না।

অন্য দিকে, একটি শেখার মানসিকতায় প্রত্যেকটি মানুষের একটি অন্তর্নিহিত বিশ্বাস থাকে যে তাদের শিক্ষা এবং বুদ্ধিমত্তা সময় এবং অভিজ্ঞতার সঙ্গে বাড়তে থাকবে। যখন মানুষ বিশ্বাস করে যে তারা দক্ষতা অর্জন করতে সক্ষম, তখন তারা উপলব্ধি করে যে তাদের সকল প্রচেষ্টা তাদের সাফল্যের উপর প্রভাব ফেলছে, সুতরাং তারা উচ্চতর সাফল্য অর্জনের জন্য তাদের অতিরিক্ত সময় ব্যয় করে।




উৎস: Lombardo and Eichinger

## ১.৪ শেখার ক্ষেত্রে বাধাসমূহ

যে বিষয়গুলো শিক্ষার্থীর শেখার ক্ষমতাকে প্রভাব ফেলতে পারে সেগুলো সম্পর্কে একজন প্রশিক্ষকের সচেতন হওয়া উচিত। একটি সহজ কোর্সপূর্ব প্রশ্নাবলী শিক্ষার্থীদের শেখার চাহিদাগুলো হাইলাইট করতে সাহায্য করে।

শেখার ক্ষেত্রে সাধারণ কিছু বাধা রয়েছে।

| বাধা | কারণসমূহ | সম্ভাব্য সমাধানসমূহ |
|---|---|---|
| পড়া এবং লেখার ক্ষমতা | • ঝুঁকির ম্যাপিং অথবা প্রশিক্ষণ চাহিদাসমূহের বিশ্লেষণ। | • যেই রিসোর্সগুলোতে চিত্র, ছবি, ভিডিও, এবং /অথবা ইমেজ ব্যবহার করা হয়েছে সেগুলো ব্যবহার করার চেষ্টা করুন। আপনার হয়ত শিক্ষার্থীকে এমন কারো সঙ্গে জোড়া তৈরি করে দিতে হবে যেন তিনি তাকে সাহায্য করতে পারেন। |
| ভাষা | • রিসোর্স/নির্দেশিকাগুলো কোন অপরিচিত ভাষায় তৈরি করা হয়েছে।<br>• নির্দেশিকার ভাষা খুব বেশি প্রযুক্তিগত।<br>• প্রশিক্ষক এবং শিক্ষার্থী ভিন্ন এলাকা থেকে আসা।<br>• সাংগঠনিক সংক্ষিপ্তসারের ব্যবহার। | • শিক্ষার্থীদের স্থানীয় ভাষাতে থাকা রিসোর্সগুলো ব্যবহার করার চেষ্টা করুন।<br>• শিক্ষার্থীদের সঙ্গে সম্ভব হলে সবচেয়ে ব্যাপকভাবে ব্যবহৃত /প্রচলিত ভাষাটি ব্যবহার করার চেষ্টা করুন।<br>• আপনার শ্রেণীতে যদি শিক্ষার্থীদের অন্য ভাষার উপর দক্ষতা থাকে, তবে তাদেরকে এমনভাবে গ্রুপে ছড়িয়ে দিন যেন তারা অন্যদের অনুবাদে সহায়তা করতে পারে।<br>• সাংগঠনিক শব্দসংক্ষেপগুলো ব্যবহার করা থেকে বিরত থাকার চেষ্টা করুন (উদাহরণস্বরূপ, আই আর বি (IRB) এর পরিবর্তে ইনশোর রেসকিউ বোট ব্যবহার করুন) |
| শেখার ক্ষমতাসমূহ<br>শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে বিভিন্ন চাহিদা থাকতে পারে, উদাহরণস্বরূপ কিছু মানুষের ডিসলেক্সিয়া অথবা ডিসপ্রেক্সিয়া থাকতে পারে (লেখা বা পড়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতার ব্যাধি)। | • ডিসলেক্সিয়া: এটি একটি সাধারণ শেখার প্রতিকূলতা যা মূলত মানুষের পড়তে এবং বানান করার ক্ষেত্রে প্রভাব ফেলে। জনসংখ্যার প্রায় ১০% এটিতে প্রভাবিত হয় বলে মনে করা হয়।<br>• ডিপ্রেক্সিয়া: শিশু এবং প্রাপ্তবয়স্কদের একটি সাধারণ ব্যাধি যা অঙ্গের সূক্ষ্ম সমন্বয় এবং নিয়ন্ত্রণকে প্রভাবিত করে। এটি কথা বলাও প্রভাবিত করতে পারে। | • এটি নিশ্চিত করুন যেন শিক্ষার্থীদের জন্য নির্দেশিকাসমূহ, রিসোর্সসমূহ এবং সেশন পরিকল্পনাগুলো কোর্স শুরু হওয়ার আগেই যত তাড়াতাড়ি সম্ভব তাদেরকে দেওয়া হয়।<br>• শেখার কোন পদ্ধতিগুলো শিক্ষার্থীদের জন্য সবচেয়ে বেশী কার্যকরী হবে এই বিষয়ে তাদের সঙ্গে আলোচনা করুন ।<br>• প্রশিক্ষণ এবং মূল্যায়নের জন্য পর্যাপ্ত পরিমাণে সময় দিন।<br>• সাহায্যকারীদের সঙ্গে শিক্ষার্থীদের জোড়া তৈরি করুন। |

| বাধা | কারণসমূহ | সম্ভাব্য সমাধানসমূহ |
|---|---|---|
| শারীরিক ক্ষমতা | • শ্রবণে অসুবিধা আছে।<br>• তাদের দৃষ্টিশক্তিতে সমস্যা আছে। | • শিক্ষার্থীকে প্রশিক্ষকের কাছাকাছি অবস্থানে রাখুন।<br>• বিবর্ণ / ম্যাগনিফাইং লেন্স বা চশমা প্রদান করুন। |
| আচরণ | • শেখার ক্ষেত্রে পূর্বে কোন খারাপ অভিজ্ঞতা রয়েছে।<br>• কম অনুপ্রাণিত ।<br>• জানাটা যে জরুরি তারা সেটা বুঝতে পারে না। | • শিক্ষার্থীরা যেন প্রশিক্ষণের গুরুত্ব বুঝতে পারে তা নিশ্চিত করুন।<br>• এটি নিশ্চিত করুন যেন গ্রুপ/ দলগুলো বিভিন্ন ক্ষমতার শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত হয়।<br>• এটি নিশ্চিত করুন যেন প্রশিক্ষণটি কিভাবে পরিচালিত হবে তা শিক্ষার্থীরা বুঝতে পারে । |
| সংস্কৃতি/প্রথা | • সঙ্গীদের চাপ অথবা সাংগঠনিক প্রথা তাদের শেখাকে অনেক সময় প্রতিরোধ করে। | • শুরু থেকে একটি শান্তিপূর্ণ শেখার পরিবেশ তৈরি করুন, শুরু থেকে কোর্সের সীমাবদ্ধতা এবং প্রত্যাশাগুলোর ব্যাপারে সম্মত হন |
| সময় | • কর্মক্ষেত্রে সময় কাটানো, বাচ্চাদের যত্ন নেয়া, এবং অন্যান্য সামাজিক দায়িত্বগুলোর কারণে শেখার জন্য পর্যাপ্ত সময় ব্যয় করতে পারে না। | • প্রশিক্ষণের সময় এবং জায়গার ব্যাপারে সহনশীলতা প্রদর্শন করুন। |
| পরিবেশ | • শব্দ, দৃশ্যমান অমনোযোগিতা / বিভ্রান্তি এবং তাপমাত্রা ইত্যাদি। | • পরিবেশটি শিক্ষার্থীদের জন্য যেন বিভ্রান্তিমুক্ত এবং আরামদায়ক হয় তা নিশ্চিত করুন। |

# ইউনিট ২: প্রশিক্ষণ এবং মূল্যায়ন চক্র




শেখার ফলাফলসমূহ


২.১ প্রশিক্ষণ এবং মূল্যায়ন চক্র বুঝতে পারা।

২.২ যোগ্যতা ভিত্তিক প্রশিক্ষণ কি তা বুঝতে পারা।

২.৩ RNLI (আর এন এল আই) এর আন্তর্জাতিক রিসোর্সগুলোর পরিসীমা এবং বিষয়বস্তু বুঝতে পারা। RNLI (আর এন এল আই) এর আন্তর্জাতিক প্রশিক্ষণ উন্নয়ন চক্র বুঝতে পারা।

## ২.১প্রশিক্ষণ এবং মূল্যায়ন চক্র

প্রশিক্ষণ এবং মূল্যায়ন প্রক্রিয়া একটি চলমান চক্র। একজন প্রশিক্ষক/মুলায়নকারী হিসেবে আপনাকে সবগুলো উপাদানের ক্ষেত্রে সক্রিয় থাকতে হবে।



| চক্রের পর্যায় | এটা কিভাবে করতে হবে | উদাহরণসমূহ |
|---|---|---|
| প্রশিক্ষণ চাহিদাসমূহ সনাক্ত করুন | -ঝুঁকির ম্যাপিং অথবা প্রশিক্ষণ চাহিদাসমূহের বিশ্লেষণ। | ঝুঁকি ম্যাপিং বন্যা/পানি রেসকিউ প্রশিক্ষণের প্রয়োজনীয়তা চিহ্নিত করে। |
| প্রশিক্ষণ পরিকল্পনা | কোর্স পরিকল্পনা, সেশন পরিকল্পনা, রিসোর্সসমূহ, এবং প্রদানের স্থান প্রস্তুত করা। | বন্যা/পানি রেসকিউ প্রশিক্ষণ শ্রেণীকক্ষে এবং উপযুক্ত পানি-ভিত্তিক পরিবেশে প্রদান করা। প্রাসঙ্গিক পদ্ধতি এবং ম্যানুয়াল গাইড হিসেবে ব্যবহার করা। |
| প্রশিক্ষণ প্রদান | বিভিন্ন শিক্ষাদান ও শিক্ষাগ্রহণ পদ্ধতি ব্যবহার করে প্রশিক্ষক কোর্সটি প্রদান করে । | শ্রেণীকক্ষ এবং প্রাসঙ্গিক বাহিরের পরিবেশে শিক্ষা প্রদান। |
| শিক্ষার্থীদের মূল্যায়ন | শিক্ষার্থীরা প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব অর্জন করেছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করুন।<br>এটি কোর্স চলাকালীন সময় একটি চলমান মূল্যায়ন প্রক্রিয়া অথবা কোর্স মূল্যায়নটির শেষে।<br>শেখার ফলাফল কি অর্জিত হয়েছে? | শিক্ষার্থীদের প্রশিক্ষণ চলাকালীন সময় এবং কোর্সের শেষে দৃশ্যকল্প ভিত্তিক অনুশীলনের সময় তাদের মূল্যায়ন করা হয়।<br>অন্য একজন প্রশিক্ষক পরিস্থিতিটি লক্ষ্য করবে, শিক্ষার্থীদের মতামত এবং প্রতিক্রিয়া জানাবে এবং তারা প্রয়োজনীয় মূল্যায়নের মানে পৌঁছেছে কিনা তা নিশ্চিত করবে। |
| প্রশিক্ষণ এবং মতামতের মূল্যায়ন | ভবিষ্যতে উন্নতির জন্য:<br>• শিক্ষার্থীদের কাছ থেকে প্রতিক্রিয়া এবং মতামত চান।<br>• নিজেকে মূল্যায়ন করুন<br>• অন্যান্য প্রশিক্ষকদের মতামত এবং প্রতিক্রিয়া জানানোর জন্য জিজ্ঞাসা করুন।<br>• শিক্ষার্থী এবং প্রশিক্ষক / মূল্যায়নকারী রিসোর্সসমূহের পর্যালোচনা। | কোর্সটির পরিচালনা কেমন ছিল সে সম্পর্কে প্রশিক্ষক শিক্ষার্থীদের এবং অন্যান্য প্রশিক্ষকদের মতামত এবং প্রতিক্রিয়া জানানোর জন্য বলেন।<br>পরবর্তী কোর্স প্রস্তুতের সময় যেকোনো প্রয়োজনীয় পরিবর্তন বাস্তবায়ন করা উচিত। |

## ২.২ যোগ্যতা-ভিত্তিক প্রশিক্ষণ এবং মূল্যায়ন


একটি জীবনরক্ষা সংস্থার প্রশিক্ষণ সাধারণত একটি যোগ্যতা ভিত্তিক প্রশিক্ষণ মডেলের উপর ভিত্তি করে হয়ে থাকে। এতে একটি কাজ অথবা ভূমিকাকে বিভিন্ন অংশে ভাগ করা হয় যেগুলো পৃথকভাবে শেখানো এবং মূল্যায়ন করা সম্ভব।

উদাহরণস্বরূপ,একজন যোগ্য প্রাথমিক চিকিৎসা প্রদানকারী হতে হলে শিক্ষার্থীকে অবশ্যই নির্দিষ্ট কাজ সম্পদনের দক্ষতা প্রদর্শন করতে হবে এবং গুরুত্বপূর্ণ জ্ঞানসমূহ মনে রাখতে হবে।

মূল্যায়ন মানদণ্ড সংজ্ঞায়িত করার ক্ষেত্রে ব্যবহৃত অভিব্যক্তি / পরিভাষা সমূহ নীচের টেবিলে দেখানো হয়েছে।

যোগ্যতা ভিত্তিক প্রশিক্ষণ এবং মূল্যায়ন বিবেচনা করার সময় এটা সনাক্ত করা জরুরি যে যখন আপনি একজন নবীন যোগ্যতাসম্পন্ন হিসেবে স্বীকৃতি পাবেন সেক্ষেত্রে এই ‘যোগ্য’ হওয়াটা শুধুমাত্র আপনার যাত্রার শুরু মাত্র।

একজন নতুন যোগ্যতা সম্পন্ন অপারেটর অভিজ্ঞতা অর্জন করার সঙ্গে আরো ‘দক্ষ’ হয়ে উঠবে যা পরবর্তীতে তাকে একজন বিশেষজ্ঞ করে তুলতে সাহায্য করবে।




| মূল্যায়ন পরিভাষা | বিবরণ | উদাহরণ |
|---|---|---|
| বুঝিয়ে বলা | আপনার প্রশ্নের উত্তরের একটি তালিকা তৈরি করুন। | রিকোভারী (পুনরুদ্ধার) পজিশনের ধাপগুলো বুঝিয়ে বলুন। |
| ব্যাখ্যা করা | একটি প্রশ্নের উদাহরণসহ আপনার উত্তর ব্যাখ্যা করুন। | কেন রিকোভারী (পুনরুদ্ধার) পজিশনের অনেক গুলো ধাপ রয়েছে তার কারণগুলো ব্যাখ্যা করুন। |
| প্রদর্শন করা | আপনি যে দক্ষতাগুলো শিখেছেন সেগুলো প্রদর্শন করতে সক্ষম হবেন। | কোন ব্যক্তিকে রিকোভারী (পুনরুদ্ধার) পজিশনে রাখার ক্ষমতা প্রদর্শন করা। |

## প্রাথমিক চিকিৎসা প্রদানকারীর মূল্যায়ন মানদণ্ডের উদাহরনসমূহ

চকিং (শ্বাস নিতে কষ্ট হওয়া) এর প্রক্রিয়া ব্যাখ্যা করুন

চকিং পদ্ধতির ধাপগুলো বর্ণনা করুন।

একজন  প্রাপ্তবয়স্ক আহত ব্যক্তির উপর সিপিআর চালানোর ক্ষমতা প্রদর্শন করা।

রক্তপাত কিভাবে নিয়ন্ত্রণ করা যায় তা প্রদর্শন করা



## ২.৩ আর এন এল আই (RNLI) এর আন্তর্জাতিক প্রশিক্ষণ রিসোর্সেস এবং উন্নয়ন চক্রের উদাহরণ

অংশীদারে বিভিন্ন সংস্থার সঙ্গে যুক্ত থেকে আর এন এল আই (RNLI) বিভিন্ন প্রয়োজনীয় প্রশিক্ষণ রিসোর্স প্রস্তুত করেছে, যা সংস্থাগুলো তাদের ইচ্ছামত যেকোনো সময়ে ব্যবহারের জন্য সহজেই পেতে পারে। প্রতিটি প্রশিক্ষণ রিসোর্স দুটি প্রকাশনায় গঠিত হয়।

### ১. মোকাবেলার ম্যানুয়ালসমূহ

প্রতিটি মোকাবেলার ম্যানুয়াল একটি নির্দিষ্ট কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং দক্ষতা সম্পর্কে বর্ণনা করে। উদাহরণস্বরূপ, লাইফগার্ড ম্যানুয়ালটি লাইফগার্ড হওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং দক্ষতার বর্ণনা করে।

### ২. প্রশিক্ষক/মূল্যায়নকারী রিসোর্স প্যাক

প্রতিটি হস্তক্ষেপ/মোকাবেলার ম্যানুয়াল একটি প্রশিক্ষক / মূল্যায়নকারী রিসোর্স প্যাকের (T/A) সঙ্গে থাকে।

এটি তথ্য ধারণ করে কিভাবে এই ম্যানুয়ালের বিষয়বস্তুর প্রশিক্ষণ এবং মূল্যায়ন করতে হবে। উদাহরণস্বরূপ, লাইফগার্ড প্রশিক্ষক / মূল্যায়নকারী রিসোর্স প্যাকে পাঠ পরিকল্পনা এবং মূল্যায়ন মানদণ্ড রয়েছে যা প্রশিক্ষক / মূল্যায়নকারী ব্যবহার করতে পারেন যখন প্রশিক্ষণ এবং লাইফগার্ড কোর্সের মূল্যায়ন করবেন।

প্রশিক্ষক / মূল্যায়নকারীর রিসোর্স প্যাকের মধ্যে যা অন্তর্ভুক্ত করা হবে:

- একটি আরএনএলআই (RNLI) উন্নয়ন চক্রে একজন ব্যক্তি কিভাবে একটি নির্দিষ্ট কাজের এলাকায় সক্ষম হতে পারে এবং তারপর তারা কিভাবে আরও অগ্রগতি করে নিজেই একজন প্রশিক্ষক / মূল্যায়নকারী হতে পারে অথবা তারও ঊর্ধ্বে যেতে পারে তার রূপরেখা/গঠনচিত্র দেখানো হয়।
- একটি কোর্স-পূর্ব প্রশ্নোত্তর
- একটি কোর্স পরিকল্পনার টেমপ্লেট
- বর্তমান রিসোর্সের একটি চিত্র
- একটি সেশন পরিকল্পনার টেমপ্লেট
- একটি প্রশিক্ষণ ঝুঁকি মূল্যায়ন
- একটি আইসব্রেকার এবং এনারজাইসারের তালিকা।

# ইউনিট ৩: প্রশিক্ষণ চাহিদাসমূহ



শেখার ফলাফলসমূহ

৩.১ কারা প্রশিক্ষনেরর জন্য উপযুক্ত তার নির্ধারণ প্রক্রিয়া বুঝতে পারা।

## ৩.১ কাদেরকে প্রশিক্ষণ দেয়া যাবে?

প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের সময় এটি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ যেন শিক্ষার্থীদের প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান, মনোভাব এবং নিরাপদ থাকার মানসিকতা থাকে। তাদের প্রশিক্ষণ সম্পন্ন করতে সক্ষম হতে হবে।

কোর্স শুরু করার আগে, প্রতিটি শিক্ষার্থীকে মূল্যায়ন করতে হবে যেন তারা প্রতিটি ধাপ সম্পন্ন করার ক্ষেত্রে অবশ্যই শারীরিকভাবে সক্ষম হয়। যদি তারা তা করতে অক্ষম হয়, তবে এটি শিক্ষার্থীকে আঘাতগ্রস্ত করে বিপদ ঘটাতে পারে।

প্রতিটি কোর্সের জন্য প্রয়োজনীয় দক্ষতার পূর্ব-শর্তসমূহের তথ্য প্রশিক্ষক / মূল্যায়নকারীর রিসোর্স প্যাকগুলোতে পাওয়া যাবে।

### প্রশিক্ষণ চাহিদাসমূহ বিশ্লেষণ

যখন একটি চাহিদা চিহ্নিত হয়, প্রশিক্ষণ চাহিদার বিশ্লেষণ হচ্ছে একটি উপায় যার মাধ্যমে একটি গ্রুপ বা ব্যক্তির দক্ষতা, জ্ঞান বা মনোভাবের ঘাটতিতিগুলো চিহ্নিত করা সম্ভব।

| কার্যকলাপ | বর্ণনা | উদাহরণ |
|---|---|---|
| ঝুঁকি ম্যাপিং | ঝুঁকি সনাক্ত করা এবং সম্ভাব্য সমাধান হাইলাইট করা। | একটি প্রতিষ্ঠানের স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকি পরিকল্পনায় অন্যান্য সদস্যদের উপর প্রাথমিক চিকিৎসা পরিচালনা করার জন্য কোন প্রশিক্ষণপাপ্ত অথবা যোগ্য প্রাথমিক চিকিৎসক না থাকার ঝুঁকি তুলে ধরা হয়। |
| প্রশিক্ষণ চাহিদাসমূহ বিশ্লেষণ | কি ধরনের প্রশিক্ষণ করানো হবে, কাদেরকে প্রশিক্ষণ দেয়া হবে এবং কি বিষয়ে তাদেরকে প্রশিক্ষণ দেয়া হবে তা চিহ্নিত করতে হবে। | প্রশিক্ষণ চাহিদাসমূহের বিশ্লেষণ এটি হাইলাইট করে যে, তিনজন প্রাথমিক চিকিৎসাকর্মীর প্রয়োজন এবং প্রাথমিক চিকিৎসা প্রদানের কিটস্ /সরঞ্জাম এবং ম্যানুয়ালগুলো সরবরাহ করা উচিত। |

একজন উপযুক্ত দক্ষ ব্যক্তি দ্বারা ঝুঁকির মানচিত্র এবং প্রশিক্ষণ চাহিদাসমূহের বিশ্লেষণ সম্পন্ন করা উচিত।

# ইউনিট ৪: পরিকল্পনার প্রশিক্ষণ




শেখার ফলাফলসমূহ

৪.১ পৃথকভাবে শিক্ষার্থীদের প্রয়োজন বুঝতে পারা।

৪.২ কিভাবে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ গঠন করতে হবে তা বুঝতে পারা।

৪.৩ প্রশিক্ষণ তৈরির সময় কিভাবে মূল্যায়নের মানদণ্ডগুলো ব্যব্যহৃত হয়েছে তা বুঝতে পারা।

৪.৪ শেখার ফলাফল কি তা বুঝতে পারা। শেখার ফলাফলসমূহ গঠন করতে সক্ষম হবেন।

৪.৫ একটি সেশন পরিকল্পনা কি এবং এটি কেন প্রয়োজন তা বুঝতে পারা। একটি সেশন পরিকল্পনা তৈরি করতে সক্ষম হবেন।

৪.৬ একটি কোর্স পরিকল্পনা কি তা বুঝতে পারা। একটি কোর্স পরিকল্পনা তৈরি করতে সক্ষম হবেন।

৪.৭ ব্যবহারের ক্ষেত্রে প্রশিক্ষণের বিভিন্ন পদ্ধতিসমূহ বুঝতে পারা।

## ৪.১ শিক্ষার্থী

আপনার প্রশিক্ষণ সেশন/অধিবেশন পরিকল্পনা শুরু করার আগে কারা প্রশিক্ষণ গ্রহণ করবে তা চিহ্নিত করা গুরুত্বপূর্ণ। এটা আপনাকে শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী উপযুক্ত প্রশিক্ষণ সেশন পরিকল্পনা এবং গঠনে সহায়তা করবে।


শিক্ষার্থীর ধরন এবং তাদের শেখার চাহিদাসমূহ যা প্রভাবিত করতে পারে:

- যে প্রশিক্ষণ পদ্ধতিগুলো আপনি নির্বাচন করেছেন।
- প্রশিক্ষণ সেশন/অধিবেশনের সময়সীমা
- আপনার সেশনে কি ধরনের তথ্য অন্তর্ভুক্ত অথবা বর্জন করা উচিত।

আপনি প্রশিক্ষণ ইভেন্টের আগে শিক্ষার্থীদের প্রশ্ন করার মাধ্যমে তাদের চাহিদা/প্রয়োজনগুলো সম্পর্কে জানতে পারেন। এটি অন্তর্ভুক্ত করে:

- এই বিষয়ে তাদের জ্ঞানের পরিধি কি?
- তাদের কি পরিমাণ দক্ষতা এবং অভিজ্ঞতা রয়েছে?
- শেখার ক্ষেত্রে তাদের কোনো প্রতিকূলতা রয়েছে কি?

এই ম্যানুয়ালের জন্য কোর্স পূর্ব প্রশ্নাবলীর একটি উদাহরণ স্টুডেন্ট রিসোর্স প্যাকে অন্তর্ভুক্ত করা হয়েছে।



ক্লাস / গ্রুপের আকার

কতজন শিক্ষার্থীকে প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা হবে তা বিবেচনা করার সময় একজন প্রশিক্ষকের যে বিষয়গুলো খেয়াল রাখতে হবে:

- শিক্ষার্থীদের ক্ষমতা/সামর্থ্য এবং বয়স
- যে বিষয়টি শেখানো হয়েছে তা কি পরিমাণ জটিল বিষয়
- শেখানোর স্থানটির আকার
- প্রশিক্ষণের প্রকারভেদ
- যে পরিমাণ রিসোর্স সহজলভ্য রয়েছে
- প্রশিক্ষকের সংখ্যা
- প্রশিক্ষণ সময়কালীন ঝুঁকি।

বক্তৃতা-ভিত্তিক শেখার সেশনের ক্ষেত্রে বড় আকারের ক্লাস সাইজ যা ৫০ জনের সমন্বয়ে বা তারও অধিক হয়ে থাকে।

গবেষণায় দেখা গেছে যে, গ্রুপ আলোচনার ক্ষেত্রে ১০ জন হওয়াটা সর্বোত্তম। উচ্চ ঝুঁকির কার্যক্রমের জন্য একটি কম ছাত্র-প্রশিক্ষক অনুপাত ব্যবহার করা উচিত। উদাহরনস্বরূপ, জীবনরক্ষার কোর্সের জন্য RNLI মোট ১২ জনের একটি ক্লাস সাইজ ব্যবহার করে যেখানে ২ জন প্রশিক্ষক তাদেরকে সাহায্য করার জন্য থাকে। বিস্তারিত নির্দেশাবলীর জন্য প্রাসঙ্গিক কোর্সের ম্যানুয়ালগুলো পড়ুন।

## ৪.২ প্রশিক্ষণ এবং মূল্যায়ন পর্যালোচনা

একটি নির্দিষ্ট ভূমিকা বা কার্যক্ষমতায় একজন ব্যক্তির সক্ষম হওয়ার জন্য কি ধরনের প্রশিক্ষণ এবং মূল্যায়ন কার্যকলাপের প্রয়োজন তা নির্ধারণ করার জন্য একটি প্রক্রিয়া থাকতে হবে। এই প্রক্রিয়ার বিভিন্ন পর্যায় রয়েছে। বিস্তারিত নিচে দেওয়া হয়েছে যাতে প্রশিক্ষক / মূল্যায়নকারী তাদের নিজস্ব প্রশিক্ষণ এবং মূল্যায়ন কার্যক্রম তৈরী করতে সক্ষম হয়।

যোগ্যতা-ভিত্তিক প্রশিক্ষণ গঠনের পর্যায়সমূহ নীচে দেখানো হয়েছে।

**মূল্যায়নের মানদণ্ড তৈরি করুন**

এই ভূমিকা অথবা কাজটি সম্পাদন করতে শিক্ষার্থীদের কি করতে সক্ষম হতে হবে?

↓

**শেখার ফলাফল তৈরি করুন**

শিক্ষার্থীকে এই কাজ করার জন্য আমাদেরকে কি ধরনের শিক্ষা প্রদান করতে হবে?

↓

**ম্যানুয়াল অথবা শেখার রিসোর্স তৈরি করুন।**

শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে  সাহায্যের জন্য কি ধরনের তথ্যের প্রয়োজন?

↓

**সেশন পরিকল্পনা তৈরি করুন**

কিভাবে প্রতিটি শিক্ষার্থীকে নির্দিষ্ট বিষয় শেখানো হবে?

↓

**একটি কোর্স পরিকল্পনা তৈরি করুন**

অন্তর্ভুক্ত করুন: কিভাবে সব বিষয়সমূহ একসঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়? সেখানে কতজন শিক্ষার্থী রয়েছে? মূল্যায়ন কখন করা হবে?

### উদাহরণ:

নীচের উদাহরণটি এমন কিছু উপাদান/ বিষয়বস্তুকে নির্দেশ করে যা একজন শিক্ষার্থীকে প্রাথমিক চিকিৎসার সহায়তাকারী হিসেবে পরিণত করার ক্ষেত্রে অবশ্যই বিবেচনা করা উচিত।

| | |
|---|---|
| প্রাথমিক চিকিৎসা মূল্যায়নের মানদণ্ড | মূল্যায়ন করা |
| প্রাথমিক চিকিৎসা শেখার ফলাফলসমূহ | প্রশিক্ষণ |
| প্রাথমিক চিকিৎসা সেশনের পরিকল্পনাসমূহ | |
| প্রাথমিক চিকিৎসা কোর্সের পরিকল্পনা | |



ভূমিকা : প্রাথমিক চিকিৎসাকর্মী

## ৪.৩ মূল্যায়ন মানদণ্ড

একজন শিক্ষার্থীর নির্দিষ্ট ভূমিকা পালন করার ক্ষেত্রে কি ধরনের কার্যকলাপ করতে সক্ষম হওয়া উচিত তা মূল্যায়ন মানদণ্ড চিহ্নিত করে। উদাহরণস্বরূপ, একজন বন্যা উদ্ধারকারীর কাজের অংশ হিসাবে নিম্নলিখিত মূল্যায়ন মানদণ্ডের প্রয়োজন রয়েছে।

| মূল্যায়ন মানদণ্ড |
|---|
| ১. উদ্ধারের ধাপগুলো ব্যাখ্যা করা। |
| ২. একটি নাগাল রেসকিউ প্রদর্শন করা। |

## ৪.৪ শেখার ফলাফলসমূহ

শেখার ফলাফলসমূহ হতে এটা জানা যায় যে শিক্ষার্থীরা প্রশিক্ষণ শেষে কি করতে অথবা ভাবতে অথবা অনুভব করতে সক্ষম হবে। প্রশিক্ষণের সময় শেখার ফলাফলসমূহ ব্যবহার করতে হবে যাতে মূল্যায়ন মানদণ্ড পূরণ হয়েছে কিনা তা বুঝতে পারা যায়।

উপরের মূল্যায়ন মানদণ্ডের জন্য প্রয়োজনীয় শেখার ফলাফলসমূহ:

| শেখার ফলাফলসমূহ |
|---|
| ১. একটি উদ্ধারের ধাপসমূহ বুঝতে পারবেন। |
| ২. একটি নাগাল রেসকিউ প্রদর্শন করতে সক্ষম হবেন। |

আপনি যদি এমন কোন প্রশিক্ষণ প্রদান করেন যা RNLI (আর এন এল আই) এর রিসোর্স সমূহের অংশ নয়, সেক্ষেত্রে আপনি হয়তো আপনার নিজস্ব শেখার ফলাফলসমূহ ডিজাইন করতে চাইবেন। ব্যবহারযোগ্য করার জন্য শেখার ফলাফলসমূহ স্মার্ট/SMART হতে হবে।

| | | |
|---|---|---|
| S | **S**pecific<br>নির্দিষ্ট | প্রশিক্ষণ ফলাফল কি স্পষ্ট এবং সঠিকভাবে বর্ণনা করা হয়েছে? |
| M | **M**easureable<br>পরিমাপযোগ্য | ফলাফল কি একটি প্রদত্ত মানদণ্ড দ্বারা মূল্যায়ন করা যাবে? |
| A | **A**chievable<br>অর্জনযোগ্য | শেখার ফলাফল কি অর্জনযোগ্য?<br>শিক্ষার্থীদের এটা অর্জনের প্রত্যাশা কি বাস্তবসম্মত? |
| R | **R**elevant<br>প্রাসঙ্গিক | ফলাফলসমূহ কি কাজের জন্য প্রাসঙ্গিক। |
| T | **T**ime-bound<br>সময় দ্বারা সীমিত | শেখার ফলাফল কি নির্দিষ্ট সময় সীমার মধ্যে অর্জন করা যাবে? |

## ৪.৫ সেশন পরিকল্পনাসমূহ

একটি সেশন পরিকল্পনা প্রশিক্ষকের সবগুলো প্রশিক্ষণ, শেখার কার্যক্রম এবং মূল্যায়নের একটি গাইড হিসেবে কাজ করে যা শেখার ফলাফল অর্জনের জন্য জরুরি। একটি সেশন পরিকল্পনায় নিম্নলিখিত তথ্যসমূহ অন্তর্ভুক্ত করা উচিত।

| সেশন | বিবরণ | উদাহরণসমূহ |
|---|---|---|
| শেখার ফলাফলসমূহ | একটি ইউনিট শেষে শিক্ষার্থীরা কি জানবে, বুঝবে এবং /অথবা করতে সক্ষম হবে তা সনাক্ত করে। | সিপিআর পরিচালনা করতে সক্ষম হবে। |
| অবস্থান | কোথায় সেশনটি নেয়া দরকার, উদাহরণস্বরূপ, সৈকতে, একটি সুইমিং-পুলে অথবা একটি শ্রেণীকক্ষে। | ক্লাসরুম ভিত্তিক, থিউরিটিকেল/তাত্ত্বিক ইনপুট যা বাস্তবিক সেশনটি দ্বারা অনুসারিত হয়। |
| নিরাপত্তার সংক্ষিপ্ত বর্ণনা | শিক্ষার্থীদের সম্ভাব্য বিপদ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে জানান। | কোন প্রকার বিপত্তি থাকলে তা রুম থেকে অপসারণ এবং বাস্তবিক/ব্যবহারিক কাজগুলো প্রদর্শনের জন্য পর্যাপ্ত পরিমাণে জায়গা নিশ্চিত করুন। |
| ভূমিকা | সেশনের শুরুতে বিষয়টি সম্পর্কে তথ্য এবং গল্প শেয়ার করুন যেন তাদের শেখার আগ্রহ তৈরি হয়।<br>কিভাবে মূল্যায়ন করা হবে তা শিক্ষার্থীদের জানান। | কার্ডিয়াক এরেস্টে/ হৃৎপিণ্ড বন্ধ হওয়ায় সিপিআর না দেয়ার ফলে, সিপিআর দেয়ার ফলে এবং ডিফিব্রিলেশন দেয়ার ফলে বেঁচে থাকার হার সম্পর্কে শিক্ষার্থীদের জানান।<br>শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যদি তারা পূর্বে কখনও কারো উপর সিপিআর পরিচালনা করেছে কিনা। |
| ক্রিয়াকলাপ / প্রশিক্ষণ পদ্ধতি | শিক্ষার্থী বা প্রশিক্ষক কি ধরনের প্রশিক্ষণ করবে এবং কতদিন ধরে এর উপর কাজ করবে।<br>বিরতি অন্তর্ভুক্ত করতে মনে রাখবেন।<br>প্রচুর কার্যক্রম অন্তর্ভুক্ত করাটা মনে রাখবেন। | সিপিআর এর প্রতিটি ধাপের উপাদানগুলো বিস্তারিত ব্যাখ্যা করার জন্য হোয়াইটবোর্ড ব্যবহার করুন।<br>১৫ মিনিট<br>প্রশিক্ষক মেনিকিন্সের উপর সিপিআর এর ধাপগুলো প্রদর্শন করে দেখাবে।.<br>১৫ মিনিট<br>বিরতি<br>১৫ মিনিট<br>শিক্ষার্থীরা ছোট দলে বিভক্ত হয়ে মেনিকিন্সের উপর সিপিআর পরিচালনা করা অনুশীলন করবে।<br>১৫ মিনিট |

| সেকশন/ অধ্যায় | বিবরণ | উদাহরণসমূহ |
| --- | --- | --- |
| রিসোর্সসমূহ | আপনার প্রশিক্ষণের সেশনসমূহ চালানোর জন্য কি ধরনের রিসোর্সের দরকার। উদাহরণস্বরূপ, হোয়াইটবোর্ড, শিক্ষার্থী/স্টুডেন্ট ম্যানুয়ালসমূহ, রেসকিউ টিউব, থ্রোলাইনসমূহ অথবা কাজের সংক্ষিপ্ত বিবরণ। | হোয়াইটবোর্ড / ফ্লিপচার্ট, কলম, সিপিআর মেনিকিন্স /পুতুল। |
| মূল্যায়ন | শেখানো যে ঠিকভাবে হয়েছে তা কিভাবে নিশ্চিত করবেন?<br>ব্যবহারযোগ্য মূল্যায়ন মান আছে কি? | শিক্ষার্থীদের সিপিআর প্রদর্শন করতে বলুন।<br>এতে একটি দৃশ্যকল্প ব্যবহার করুন |
| সারসংক্ষেপ এবং লিঙ্ক/ যোগসূত্রতা | সেশনের সারসংক্ষেপ।<br>পরবর্তী অধিবেশন বা অন্যান্য অধিবেশনগুলোর সাথে এই সেশনের লিঙ্ক/যোগসুত্রতা কি তা উল্লেখ করুন। | এটি প্রাথমিক চিকিৎসার প্রশিক্ষণসমূহের মধ্যে অন্যতম একটি গুরুত্বপূর্ণ উপাদান।<br>পরবর্তী সেশনে আমরা দেখতে পাব কিভাবে একটি শিশুর উপর সিপিআর পরিচালনা করা হয়। |

উদাহরণ হিসেবে এই ম্যানুয়ালের জন্য একটি সেশন পরিকল্পনার টেমপ্লেট স্টুডেন্ট রিসোর্স প্যাকের সঙ্গে যুক্ত করা হয়েছে।

## ৪.৬ কোর্স পরিকল্পনা

একটি কোর্স পরিকল্পনায় প্রশিক্ষণ, শিক্ষা, এবং মূল্যায়নের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানায় যা শিক্ষার্থীদের চূড়ান্ত ফলাফল অর্জনের জন্য প্রয়োজনীয়। একটি কোর্স পরিকল্পনায় নিম্নলিখিত তথ্যসমূহ অন্তর্ভুক্ত করা উচিত।

| এলাকা | বিবেচ্য বিষয়সমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|
| কোর্সের উদ্দেশ্য | আপনি কি বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছেন? | মৌলিক ফার্স্ট এইড/প্রথমিক চিকিৎসার কোর্স। |
| প্রশিক্ষণ কর্মী | প্রশিক্ষণটি কে দিচ্ছে?<br>তাদের কি প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে সঠিক যোগ্যতা, দক্ষতা, এবং মনোভাব রয়েছে?<br>যদি কোন কারণে মুল প্রশিক্ষক অনুপস্থিত থাকে সেক্ষেত্রে অন্য কেউ কি তা পরিচালনা করতে সক্ষম হবে? | যারা কোর্সের প্রশিক্ষণের সঙ্গে যুক্ত থাকবে সেসব কর্মীদের একটি তালিকা তৈরি করুন। |
| অধিবেশন/ সেশন পরিকল্পনাসমূহ | কোর্সটি চালানোর জন্য কতগুলো সেশনের প্রয়োজন হবে?<br>কতদিন সময় ধরে কোর্সটি চলবে?<br>অধিবেশন/সেশনের মেয়াদসমূহ?<br>কোন ক্রমানুসারে /ধাপে সেশনগুলো চালানো হবে? | ৮টি অধিবেশন/সেশন<br>কোর্সটি ২ দিন ধরে চলবে।<br>অধিবেশন/সেশনগুলো বিভিন্ন মেয়াদের হবে।<br>অধিবেশন/সেশনগুলোর সংখ্যা ১ থেকে ৮ পর্যন্ত হয় এবং এই ক্রমানুসারে সেগুলো শেখানো উচিত। |
| এলাকা/অবস্থান | অধিবেশন/সেশনগুলো কোথায় চালানো হবে?<br>জায়গাটি কি এই কাজের জন্য উপযুক্ত?<br>ঝুঁকি মূল্যায়ন কি সম্পন্ন হয়েছে?<br>জোয়ারের ফলে প্রশিক্ষণের সময়সূচির উপর কোন প্রভাব পড়বে কি? | তত্ত্ব/থিউরির সেশনগুলো ক্লাসরুমে করানো হবে।<br>যদি ক্লাসরুমে কোন জায়গা না থাকে তবে ব্যবহারিক সেশনগুলো শ্রেণীকক্ষে অথবা অন্য কোন উপযুক্ত স্থানে নেয়া হবে। |

| এলাকা | বিবেচ্য বিষয়সমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|
| শেখানোর রিসোর্সসমূহ | কোর্সটি চালানোর জন্য কি ধরনের রিসোর্সসমূহের প্রয়োজন?<br>কয়টি স্টুডেন্ট ম্যানুয়ালের প্রয়োজন হবে? | ১২ জন শিক্ষার্থী রয়েছে। আমাদের প্রয়োজন হবে:<br>• ১২টি স্টুডেন্ট ম্যানুয়াল<br>• ৪ সেট সিপিআর মেনিকিন্স/পুতুল<br>• ফার্স্ট এইড/প্রাথমিক চিকিৎসার কিটের উদাহরণ<br>• রক্তপাত নিয়ন্ত্রণের সেশনের জন্য ব্যান্ডেজ<br>• হোয়াইটবোর্ড / ফ্লিপচার্ট এবং কলম<br>• ১২টি সার্টিফিকেট। |
| কল্যাণ | শিক্ষার্থীদের জন্য পানি ও খাবারের প্রয়োজন আছে কি?<br>টয়লেটের সুবিধা আছে কি?<br>যদি কোন শিক্ষার্থী আহত হয় সেক্ষেত্রে কোন জরুরী কর্মপরিকল্পনার ব্যবস্থা আছে কি?<br>সৈকতে প্রশিক্ষণের জন্য কোন ছায়াময় এলাকা আছে কি?<br>যদি আবহাওয়া পরিবর্তন হয় সেক্ষেত্রে কি হবে?<br>ধর্মীয় অনুশীলনের জন্য কোনো রিসোর্স অ্যাক্সেসের/ব্যবহারের ব্যবস্থা বিবেচনা করুন। | খাদ্য ও পানি দৈনিক ভিত্তিতে সরবরাহ করা হবে।<br>প্রশিক্ষণকালীন সময়ে নিয়মিত বিরতি দেওয়া হবে।<br>সাইটে/জায়গাটিতে টয়লেটের সুবিধা পাওয়া যাবে। |
| মূল্যায়ন | মূল্যায়নটি কখন করা হবে?<br>এটি কি প্রশিক্ষকের দ্বারা চলমান একটি মূল্যায়ন নাকি প্রোগ্রামটি শেষ হয়ে যাওয়ার পরে করা একটি মূল্যায়ন? | আমরা অনুষ্ঠানের শেষ দিনে সকল শিক্ষার্থীর মূল্যায়ন করবো। |

| এলাকা | বিবেচ্য বিষয়সমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|
| শিক্ষার্থীবৃন্দ | বিভিন্ন শিক্ষার্থীদের কি ধরনের দক্ষতা রয়েছে?<br>তাদের শেখার ক্ষেত্রে কোন বাধা রয়েছে কি?<br>শিক্ষার্থীদের কোন শেখার অসুবিধা অথবা শেখার ক্ষেত্রে অতিরিক্ত কোন কিছুর চাহিদা / প্রয়োজন রয়েছে কি?<br>অতিরিক্ত কিছু শেখার প্রয়োজনে আপনি কিভাবে আপনার অধিবেশনটি পরিবর্তন করবেন? | সমস্ত শিক্ষার্থীরা কোর্সের জন্য পূর্বশর্তসমূহ পূরণ করতে সক্ষম হবে।<br>একজন শিক্ষার্থী আংশিকভাবে বধির। এটি নিশ্চিত করতে হবে যেন শিক্ষার্থীটি ক্লাসের সামনের দিকের আসনে বসে ফলে সে প্রশিক্ষককে ভালভাবে শুনতে সক্ষম হবে। |
| তথ্য রেকর্ডিং | কি ধরনের তথ্য রেকর্ডিং করা প্রয়োজন?<br>উদাহরণস্বরূপ, শিক্ষার্থীদের নাম, প্রশিক্ষক / মূল্যায়নকারীদের নাম। | আমরা প্রতিষ্ঠানের লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেমে কোর্সটি রেকর্ড করেছি এবং প্রশিক্ষকদের নাম / মূল্যায়নকারীদের নাম সেখানে উল্লেখ করা হয়েছে। |
| জানানো | এই কোর্সটি সম্পর্কে কাদেরকে জানাতে হবে?<br>এটার অন্তর্ভুক্ত:<br>• শিক্ষার্থীবৃন্দ<br>• জীবনরক্ষাকারী সংস্থা<br>• অন্য যেকোন প্রাসঙ্গিক সংস্থাসমূহ। | যেকোন প্রাসঙ্গিক ব্যক্তিবর্গ/সংস্থাসমূহকে কোর্সটি চালু হওয়া সম্পর্কে জানানোর চেষ্টা করা হয়েছে। |

এই ম্যানুয়ালের জন্য কোর্স পরিকল্পনার টেমপ্লেট সমূহের উদাহরণ স্টুডেন্ট হ্যান্ডবুকে পাওয়া যাবে।

## ৪.৭ প্রশিক্ষণের পদ্ধতি


শেখার ফলাফলসমূহ অর্জনের জন্য প্রশিক্ষণ চলাকালীন সময় বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা যেতে পারে।

কোন ধরণের প্রশিক্ষণ ব্যবহার করা প্রয়োজন তা নির্ধারণ করার সময় যা বিবেচনা করতে হবে:

- অতিরিক্ত শেখার প্রয়োজন/চাহিদা, পছন্দসই শেখার স্টাইল/শৈলী, সাংগঠনিক কালচার/প্রথা।
- শিক্ষার্থীদের ধরন - শিশু, প্রাপ্তবয়স্ক, তাদের প্রেরণার স্তর, তাদের বুদ্ধিমত্তার স্তর
- শিক্ষার্থীদের সংখ্যা
- প্রাপ্ত জায়গাটির আকার এবং প্রশিক্ষণ এলাকাটির ধরন
- যে বিষয়সমূহ শেখানো হচ্ছে।

সক্রিয়ভাবে শেখা প্রশিক্ষণের ক্ষেত্রে একটি কার্যকরী উপায়। এক্ষেত্রে সেশনের সময় শিক্ষার্থীদের যতটা সম্ভব জড়িত হওয়া নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের শেখার উপাদান, প্রশিক্ষক এবং একে অপরের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে হবে। নিচের টেবিলটিতে বহুল প্রচলিত প্রশিক্ষণের বিভিন্ন পদ্ধতিগুলো দেখানো হয়েছে।

| প্রশিক্ষণের পদ্ধতি | বিবেচ্য বিষয়সমূহ | সুবিধাসমূহ | অসুবিধাসমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|---|---|
| বক্তৃতা প্রশিক্ষক দ্বারা দেওয়া একটি পাঠ / আলোচনা।<br> | শিক্ষার্থীদের মনোযোগ বজায় রাখতে আলোচনাটি সংক্ষিপ্ত হওয়া জরুরি। .<br>২০ মিনিট একটি আদর্শ সময়সীমা।<br>কার্যকরী ভিজুয়াল এইডসমূহ ব্যবহার করুন। | বড় আকারের শ্রোতা/দর্শকবৃন্দের কাছে পৌঁছানো এবং অনেক ম্যাটেরিয়াল ব্যবহারের জন্য এটি একটি ভাল পন্থা। | শ্রোতা/দর্শকবৃন্দ একজন প্রশিক্ষকের দেয়া বক্তৃতায় আগ্রহী হবে কিনা সেটা তার দক্ষতার উপর নির্ভর করে ।<br>শিক্ষার্থীদের উপলব্ধি বুঝতে পারার জন্য কোন মতামত এবং প্রতিক্রিয়া জানানোর ব্যবস্থা নেই। | প্রশিক্ষক শিক্ষার্থীদের বন্যা নিরাপত্তার তত্ত্ব/ থিউরির উপর ২০ মিনিটের একটি বক্তৃতা/ লেকচার দেন। |
| আলোচনা<br>মতামত, জ্ঞান এবং ধারনা বিনিময়ের সুযোগ<br> | প্রশিক্ষককে সেশনটি এমনভাবে পরিচালনা করতে হবে যেন<br>শিক্ষার্থীরা বিষয়টি থেকে দূরে সরে না যায় ।<br>সমস্ত শিক্ষার্থীদের সমানভাবে অবদান রাখার সুযোগ করে দিতে হবে। | পুরো ক্লাসকে জড়িত হয়ে পারস্পরিক আলোচনায় উৎসাহিত করে।<br>মনোভাব পরিবর্তনের ক্ষেত্রে অত্যন্ত কার্যকরী।<br>অভিজ্ঞতা শেয়ার করার ক্ষেত্রে উৎসাহিত করে।<br>সঠিকভাবে গঠন করা হলে ক্লাসটির মধ্যে বন্ধন তৈরি করা সম্ভব। | ক্লাসের শান্ত বা লাজুক সদস্যরা অবদান নাও রাখতে চাইতে পারে।<br>ক্লাসের কিছু সদস্য আলোচনার উপর বেশি প্রভাব/নিয়ন্ত্রণ রাখতে পারে।<br>ক্লাসটিকে বিভক্ত করা যেতে পারে যদি ভুলভাবে কাজটি করা হয়। | প্রশিক্ষক শিক্ষার্থীদের বন্যা ঝুঁকিপূর্ণ কমিউনিটির আশেপাশে ১০মিনিটের একটি ক্লাস আলোচনার অনুমতি দেয়।<br>প্রশিক্ষককে এই বিষয়ে নিশ্চিত করতে হবে যেন সমস্ত শিক্ষার্থী ক্লাসটির বিষয়গুলোর মধ্যে সীমাবদ্ধ থেকে আলোচনার মধ্য দিয়ে তাদের মতামত প্রকাশ করতে সক্ষম হয়। |

| প্রশিক্ষণের পদ্ধতি | বিবেচ্য বিষয়সমূহ | সুবিধাসমূহ | অসুবিধাসমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|---|---|
| প্রশ্ন ও উত্তর প্রশিক্ষক গ্রুপটিকে এবং / অথবা পৃথকভাবে শিক্ষার্থীকে প্রশ্ন করে।<br><br> | শিক্ষার্থীদের জ্ঞান এবং পরিপক্বতা এবং কার্যকরভাবে যোগাযোগ করার দক্ষতার উপর পরীক্ষা। | পৃথকভাবে শিক্ষার্থীদের শেখার তাৎক্ষণিক মূল্যায়নের অনুমতি দেয়।<br>শিক্ষার্থীদের শিখতে উৎসাহিত করতে পারে।<br>প্রশিক্ষককে তাৎক্ষণিক মতামত এবং প্রতিক্রিয়া জানানো যায়। | যদি গ্রুপটি বড় হয় তবে সময় বেশি লাগে।<br>পৃথকভাবে শিক্ষার্থীরা বিব্রত বোধ করতে পারে যদি তাদের উত্তর জানা না থাকে। | একটি বন্যা নিরাপত্তার উপর বক্তৃতা শেষে প্রশিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করবে যেন তাদের বুঝাটা সম্পর্কে নিশ্চিত হতে পারে।<br>সব শিক্ষার্থীকে যেন প্রশ্ন করা হয় তা প্রশিক্ষককে নিশ্চিত করতে হবে। |
| প্রদর্শন করা প্রশিক্ষক একটি দক্ষতা সম্পাদন করে দেখাবে আর শিক্ষার্থীরা তা লক্ষ্য করবে।<br> | শিক্ষার্থীদের দক্ষতা এবং কৌশলগুলোর উপর বোঝার ক্ষমতা বৃদ্ধি পায়।<br>সব শিক্ষার্থীদের অংশ গ্রহণ করানো উচিত।<br>প্রশিক্ষককে এটি নিশ্চিত করতে হবে যেন প্রশিক্ষণের গতি শিক্ষার্থীদের দক্ষতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়। | তত্ত্ব /থিউরি এবং ব্যবহারিক উপাদানগুলোর মধ্যে লিঙ্ক/যোগসুত্রতা রয়েছে।<br>শিক্ষার্থীরা দেখতে পারে যে ধাপগুলো ছোট অংশে বিভক্ত করা হয়েছে। | পৃথকভাবে বিভিন্ন শিক্ষার্থীদের জন্য সেশনটি খুব দ্রুত বা খুব ধীর গতির হতে পারে।<br>প্রশিক্ষককে পুরোপুরি দক্ষতা প্রদর্শন করতে হবে। | প্রশিক্ষক একটি রেসকিউ থ্রোলাইন প্রদর্শন করে।<br>প্রশিক্ষক সেশনটি ছোট ছোট বিভিন্ন অংশে বিভক্ত করে নেয় যেন সব শিক্ষার্থী প্রতিটি উপাদান অনুশীলন করার সুযোগ পায়। |
| চরিত্রে অভিনয় করা-প্রশিক্ষক প্রশিক্ষক কোন একটি পরিস্থিতির অভিনয় করে দেখাবে এবং দলটিকে মন্তব্য এবং আলোচনা করতে অনুরোধ করবে।<br> | প্রশিক্ষকেরা যা করতে/বলতে যাচ্ছে তার উপর যেন আগে থেকেই অনুশীলন করে রাখে তা নিশ্চিত করুন।<br>একটি স্ক্রিপ্ট/পরিকল্পনা যেন তৈরি থাকে তা নিশ্চিত করুন। | প্রশিক্ষক বিভিন্ন চরিত্রে অভিনয় করার ফলে শিক্ষার্থীরা তাকে দেখে শেখার সুযোগ পায়।<br>ধারণা বা তত্ত্ব/থিউরিটি কোন একটি বাস্তবিক পরিস্থিতিতে প্রয়োগ করা। | প্রশিক্ষকের অভিনয় করে দেখানো প্রয়োজন।<br>পূর্বপরিকল্পনা এবং একটি স্ক্রিপ্টের প্রয়োজন।<br>প্রশিক্ষকদের অভিনয় ক্ষমতার উপর নির্ভর করে। | দুইজন প্রশিক্ষক একটি দৃশ্যকল্পে একজন আহত ব্যক্তি হিসেবে এবং আরেকজন উদ্ধারকারীরূপে অভিনয় করে দেখাবে।<br>দৃশ্যকল্পে কিছু ভুল অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br>শিক্ষার্থীদেরকে উদ্ধারের উপর তাদের মতামত এবং প্রতিক্রিয়া জানাতে বলা হয়। |

| প্রশিক্ষণের পদ্ধতি | বিবেচ্য বিষয়সমূহ | সুবিধাসমূহ | অসুবিধাসমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|---|---|
| চরিত্রে অভিনয় করা-শিক্ষার্থী শিক্ষার্থীরা কোন নির্দিষ্ট চরিত্রে একটি গ্রুপে অভিনয় করে এবং পরবর্তীতে সে সম্পর্কে শ্রেণীকক্ষে সবার সঙ্গে আলোচনা করে।<br> | প্রশিক্ষকের এটি নিশ্চিত করা প্রয়োজন যেন শিক্ষার্থীরা বুঝতে পারে তাদের কাছ থেকে কি আশা করা হচ্ছে।<br>বিভিন্ন চরিত্রে অভিনয়ে সাহায্যের জন্য প্রয়োজনীয় রিসোর্সসমূহ প্রদান করা। | ধারণা বা তত্ত্ব/ থিউরিটি কোন একটি বাস্তব পরিস্থিতিতে প্রয়োগ করা।<br>কখনও কখনও ছোট গ্রুপের মধ্যে অভিনয় করাটা সহজ হয়। | শিক্ষার্থীদের অভিনয়ের ক্ষমতার উপর নির্ভর করে।<br>কিছু শিক্ষার্থী অভিনয় নাও করতে চাইতে পারে। | একজন শিক্ষার্থী একজন জেলের ভূমিকায় অভিনয় করবে এবং অন্য আরেকজন শিক্ষার্থী পানি নিরাপত্তার উপর পরামর্শ দেওয়ার ব্যক্তির ভূমিকায় অভিনয় করে দেখাবে। |
| গ্রুপের কাজ শিক্ষার্থীরা শেখা অথবা দক্ষতা বাড়ানোর জন্য বিভিন্ন গ্রুপে বিভক্ত হবে।<br> | প্রশিক্ষককে এটি নিশ্চিত করতে হবে যেন প্রতিটি দলের বিভিন্ন স্তরের / পর্যায়ের দক্ষতা থাকে। | গ্রুপে কাজ করা অনেক মূল্যবান কারন এটি পিয়ার লার্নিং (সহকর্মীর কাছ থেকে শেখা) উৎসাহিত করে।<br>সক্রিয়ভাবে শেখার সুযোগ দেয়। | যারা জোরে কথা বলে তাদের গ্রুপের কাজগুলো নিয়ন্ত্রণ করার সম্ভবনা থাকে।<br>অংশগ্রহণের মাত্রা ভাল হয়েছে।<br>প্রশিক্ষককে প্রশিক্ষণ থেকে প্রয়োজনমত বিরতি দিতে হবে। | শিক্ষার্থীদের তিনটি গ্রুপ একসঙ্গে প্রাথমিক চিকিৎসার অনুশীলন করবে।<br>একজন ক্ষতিগ্রস্ত ব্যক্তির ভূমিকায়, একজন লাইফগার্ড হিসেবে এবং আরেকজন পর্যবেক্ষক হিসেবে প্রতিক্রিয়া প্রদান করার ভূমিকায় অভিনয় করে দেখাবে।<br>প্রতিটি শিক্ষার্থী বিভিন্ন ভূমিকায় পালাক্রমে যোগদান করবে।<br>দল/গ্রুপগুলোকে কিছু কাজ সম্পন্ন করার জন্য দেয়া যেতে পারে। |

| প্রশিক্ষণের পদ্ধতি | বিবেচ্য বিষয়সমূহ | সুবিধাসমূহ | অসুবিধাসমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|---|---|
| স্বতন্ত্র কাজ প্রশিক্ষক প্রত্যেকটি শিক্ষার্থীকে একটি কাজ দিবে যা  তাদের সম্পূর্ণ করতে হবে।  | এটি প্রত্যেকের জন্য একটি শ্রেণীকক্ষের টাস্ক/কাজ হতে পারে।<br>উদাহরণস্বরূপ, একটি কুইজ বা একটি কাজ/টাস্ক যা তারা পৃথক/স্বতন্ত্রভাবে তাদের নিজস্ব সময়ে সম্পন্ন করে পরবর্তী অধিবেশনে সঙ্গে নিয়ে আসে। | পৃথক/স্বতন্ত্র শিক্ষা নিশ্চিত করা ভাল।<br>শিক্ষার্থীদের দক্ষতা বিকাশে সাহায্য করে।<br>শেখার ফলাফলের পৃথক/স্বতন্ত্র মূল্যায়নের অনুমতি দেয় | শিক্ষার্থীদের জন্য যেসকল রিসোর্সসমূহের প্রয়োজন।<br>প্রশিক্ষকের জন্য প্রতিটি কাজের মূল্যায়ন করা একটি সময় সাপেক্ষ প্রক্রিয়া। | প্রশিক্ষক শিক্ষার্থীদের একজন লাইফগার্ডের সামগ্রিক ব্যক্তিগত গুণাবলীসমূহ লেখার টাস্ক/কাজটি দেয়। |
| ব্যবহারিক কাজ শিক্ষার্থীরা প্রশিক্ষকের নেতৃত্বে ব্যবহারিক কাজে জড়িত হয়।  | বাস্তবিক পরিস্থিতিতে<br>মৌলিক দক্ষতা এবং কৌশলের জন্য ব্যবহার করা হয়। | একটি বাস্তবিক শেখার পরিবেশে অপরিহার্য।<br>বাস্তব দক্ষতা অনুশীলনের অনুমতি দেয়। | প্রশিক্ষকের জন্য একটি বড় ক্লাস পরিচালনা এবং গঠনমূলক মতামত এবং প্রতিক্রিয়া প্রদান করা কঠিন। | শিক্ষার্থীদের একটি ভাঙা পা স্থির রাখার অনুশীলন করতে বলা হয়। |

| প্রশিক্ষণের পদ্ধতি | বিবেচ্য বিষয়সমূহ | সুবিধাসমূহ | অসুবিধাসমূহ | উদাহরণসমূহ |
|---|---|---|---|---|
| দৃশ্যকল্পের প্রশিক্ষণ<br>একটি নকল করা ‘বাস্তবিক জীবন’ পরিস্থিতি তৈরি<br> | এটি নিশ্চিত করুন যেন চরিত্রের ভূমিকা এবং দৃশ্যকল্পসমূহ পরিষ্কারভাবে বোঝানো এবং ব্যাখ্যা করা হয়।<br>এটি উপদেশাবলী / ব্রিফিং শীট প্রস্তুত করার মধ্য দিয়ে অর্জন করা যেতে পারে। | ব্যবহারিক কাজে আরো জোর দেয়া, শিক্ষার্থীদের সমস্যা সমাধানে এবং উদ্যোগ প্রদর্শনে তাদেরকে উৎসাহিত করা।<br>যদি বাস্তব পরিস্থিতি অনুশীলন করার জন্য খুব বিপজ্জনক হয় তবে তা ব্যবহার করা যেতে পারে ।<br>সক্রিয়ভাবে শেখাকে উৎসাহ দেয়।<br>শিক্ষার্থী যে তার দক্ষতা এবং জ্ঞান প্রয়োগ করতে সক্ষম সেটি প্রদর্শন করা জরুরি। | পূর্ব পরিকল্পনা প্রয়োজন।<br>সেট আপ এবং পরিচালনায় সময় রিসোর্সের তারতম্য ঘটতে পারে।<br>প্রশিক্ষকের জন্য একটি কঠোর কাজ কারণ ভালভাবে দৃশ্যকল্পটি পরিচালনা করতে হয় এবং পাশাপাশি মতামত এবং প্রতিক্রিয়া রেকর্ড করা চালিয়ে যেতে হয়। | শিক্ষার্থীদের একটি দৃশ্যকল্প সমাধান করতে বলা হয় যেখানে তিনজন ব্যক্তি একটি মাছ ধরার নৌকা উল্টানোর ফলে ডুবে যাচ্ছে।<br>প্রশিক্ষক/ মূল্যায়নকারী হতাহতদের সম্পর্কে বর্ণনা করবেন এবং দৃশ্যকল্পটি যতটা সম্ভব বাস্তবসম্মত করার চেষ্টা করবেন।<br>শিক্ষার্থীদের বেশ কয়েকটি রেসকিউ কৌশল প্রদর্শন করতে হবে, এছাড়া হতাহতদেরকেও অগ্রাধিকার দিতে হবে। |
| সমস্যা-ভিত্তিক শিক্ষা<br>শিক্ষার্থীদের একটি সমস্যা দেওয়া হয়েছে যা তারা অবশ্যই পৃথকভাবে অথবা একটি গ্রুপে সমাধান করবে।<br> | সমস্যাটি এবং শেখার ফলাফলসমূহ অবশ্যই প্রশিক্ষকের দ্বারা স্পষ্টভাবে ব্যাখ্যা করা আবশ্যক। | সমস্যা সমাধানের মাধ্যমে পরিপক্ক শেখার প্রচার ঘটে। | সাবধানে প্রশিক্ষক দ্বারা তত্ত্বাবধান করা আবশ্যক।<br>শিক্ষার্থীরা প্রত্যাশিত শেখার ফলাফল থেকে দূরে সরে যেতে পারে। | শিক্ষার্থীদের একটি বিশেষ ধরনের সমস্যা সমাধানের জন্য দেওয়া হয় যা পানিতে ডুবে যাওয়া বিপত্তি সম্পর্কিত।<br>তারা আবশ্যই একটি গ্রুপ হিসাবে সমাধানে আসবে এবং তা ক্লাসের সামনে প্রদর্শন করবে। |

# ইউনিট ৫: ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণ




শেখার ফলাফলসমূহ

৫.১ ঝুঁকি মূল্যায়নের উপাদানগুলো বুঝতে পারা।

৫.২ একটি ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়গুলো বুঝতে পারা। একটি ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণ পরিচালনা করতে সক্ষম হবেন।

## ৫.১ ঝুঁকি মূল্যায়ন

শিক্ষার্থীরা একটি নিরাপদ এবং উপযুক্ত পরিবেশে একটি প্রশিক্ষণ এবং মূল্যায়ন এগিয়ে নিতে সক্ষম হবে। জীবনরক্ষার প্রকৃতির কারণে শিক্ষার্থীকে কিছু ঝুঁকির সম্মুখীন হতে পারে। ঝুঁকি যেন নিয়ন্ত্রণ করা হয় তা নিশ্চিত করা একজন প্রশিক্ষক / মূল্যায়নকারির দায়িত্ব। এটি একটি ঝুঁকি মূল্যায়নের দ্বারা অর্জন করা যেতে পারে।

একটি ঝুঁকি মূল্যায়ন সম্ভাব্য বিপত্তিসমূহ চিহ্নিত করে এবং ক্ষতি হওয়ার ঝুঁকি হ্রাস করার জন্য নিয়ন্ত্রণ ব্যবস্থা যেন স্থাপন করা হয় তা নিশ্চিত করুন।

নীচের টেবিলটি একটি বিপত্তি, ঝুঁকি এবং নিয়ন্ত্রণের ব্যবস্থা বর্ণনা করে।

| | বিবরণ | পানি সম্পর্কিত উদাহরণ | শ্রেণীকক্ষের উদাহরণ |
|---|---|---|---|
| বিপত্তি | এমন কিছু যা ক্ষতির কারণ হতে পারে। | একটি নদীর মধ্যে শক্তিশালী পানির স্রোত। | বৈদ্যুতিক সকেট থেকে উন্মুক্ত তার। |
| ঝুঁকি | এটি একটি বিপত্তির কারণে আঘাত এবং আঘাতের তীব্রতার সম্ভবনার সমন্বয়। <br><br> প্রায়ই সম্ভাবনা এবং তীব্রতার সংখ্যাসূচক মান দেওয়া হয়, ঝুঁকি বের করার জন্য যা দিয়ে গুণ করা হয়। যত উচ্চতর সংখ্যা, ঝুঁকিও ততো বেশী। সংখ্যা কমানোর জন্য নিয়ন্ত্রণ ব্যবস্থার বাস্তবায়ন করা উচিত। | সম্ভাবনা <br><br> এটি সম্ভব যে বন্যা উদ্ধার কর্মের শিক্ষার্থী একটি উদ্ধার দৃশ্যকল্পের প্রশিক্ষণকালে নদীতে পড়ে যেতে পারে। <br><br> তীব্রতা <br><br> শিক্ষার্থীরা যদি নদীতে পড়ে যায় সেক্ষেত্রে স্রোতের তীব্রতার কারণে ডুবে যাওয়ার সম্ভবনা থাকে। | সম্ভাবনা <br><br> এটা সম্ভব যে কেউ একটি যন্ত্র প্লাগিং করার সময় উন্মুক্ত তার স্পর্শ করতে পারে। <br><br> তীব্রতা <br><br> যদি তারা উন্মুক্ত তার স্পর্শ করে সেক্ষেত্রে বৈদ্যুতিক শকের কারণে তাদের শ্বাস বন্ধ হয়ে যেতে পারে। |
| নিয়ন্ত্রণ পরিমাপ | ঝুঁকি হ্রাস করার জন্য একটি নিরাপত্তা ব্যবস্থা যেন স্থাপন করা হয়। <br><br> যেখানে সম্ভব, সম্ভাব্য বিপত্তি অপসারণ করা উচিত। | পানিতে প্রবেশ যেন সীমিত করা হয় তা নিশ্চিত করুন। <br><br> শিক্ষার্থীরা যেন বয়েন্সি এইড পরিধান করে তা নিশ্চিত করুন। <br><br> শিক্ষার্থীরা যেন জোয়ারের তীব্রতা সম্পর্কে সচেতন থাকে এবং তারা যদি পানিতে পড়ে যায় তবে তাদের কি করণীয় সেসম্পর্কে নিশ্চিত করুন। <br><br> একজন প্রশিক্ষক যেন প্রস্তুত থাকে এবং প্রয়োজন হলে যেন একটি ডাউন স্ট্রিম রেসকিউ সম্পাদন করতে সক্ষম হয় তা নিশ্চিত করুন। | যেকোনো খোলা তার যেন একটি অন্তরক ব্লক বা বাধা ব্যবহারের মাধ্যমে নিরাপদ করা হয় তা নিশ্চিত করুন।. <br><br> বৈদ্যুতিক সিস্টেমেরর কিছু অংশ যে অনিরাপদ এবং তা স্পর্শ করা উচিত নয় সে সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করা নিশ্চিত করুন। <br><br> প্রয়োজন হওয়া পর্যন্ত বৈদ্যুতিক সিস্টেম যেন চালু করা না হয় তা নিশ্চিত করুন। |

## ঝুঁকি ম্যাট্রিক্স

| সম্ভাবনা | | | |
|---|---|---|---|
| ৩-উচ্চ ঘটতে পারে | ৩-মাঝারি | ৬ - উচ্চ | ৯ - উচ্চ |
| ২- মাঝারি মাঝে মাঝে ঘটতে পারে | ২-কম | ৪-মাঝারি | ৬ - উচ্চ |
| ১-কম না ঘটার সম্ভাবনা | ১-কম | ২-কম | ৩-মাঝারি |
| প্রভাব | ১-গৌণ<br>সম্পদ বা মানুষের সামান্য বা কোন ক্ষতি না হওয়া। যেকোন আঘাত ক্ষুদ্র আকারেরে হতে পারে। | ২ - মুখ্য<br>সম্পদ বা মানুষের কিছু ক্ষতি হতে পারে। আঘাত বড় আকারের হতে পারে। | ৩-মারাত্মক<br>সম্ভাব্য সম্পদ বা মানুষের ক্ষতি। কোন মৃত্যু বা একাধিক মৃত্যু ঘটতে পারে। |

একটি ঝুঁকির ম্যাট্রিক্স উপরে দেখানো হয়েছে। এটি একটি টুল যা নিয়ন্ত্রণ ব্যবস্থার ধাপগুলো স্থাপন করা  নির্ধারণ করতে আপনাকে সাহায্য করবে। আপনি যেসব বিপদগুলি মূল্যায়ন করছেন তা যদি ‘কম’ শ্রেণীতে পড়ে তবে আপনার কোন নতুন নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রয়োজন হবে না। যদি কোন বিপদ ‘মাঝারি’ শ্রেণীতে পড়ে তবে সেক্ষেত্রে নিয়ন্ত্রণ ব্যবস্থা বিবেচনা করা উচিত। যদি কোনও ঝুঁকি ‘উচ্চ’ বিভাগে পড়ে তবে আপনাকে অবশ্যই নিয়ন্ত্রণ ব্যবস্থাগুলি স্থাপন করতে হবে, অথবা সম্পূর্ণভাবে ক্রিয়াকলাপগুলি বন্ধ করতে হবে।

নিয়ন্ত্রণ ব্যবস্থা নির্ণয় করার সময় কিছু বিবেচ্য বিষয়:

- ইতিমধ্যে কি ধরনের নিয়ন্ত্রণ ব্যবস্থা বর্তমান রয়েছে এবং সেগুলো কি উপযুক্ত?
- আমি কি সম্পূর্ণভাবে  বিপদটি দূর করতে পারি?
- বিপদের মধ্যে কিছু নিয়ন্ত্রনের উপায় পেতে পারি?
- উন্নতমানের  সাইন কি সাহায্য করবে?
- অনুসন্ধান এবং রেসকিউ অপারেটরদের/উদ্ধার কর্মীদের সুরক্ষার জন্য ব্যক্তিগত সরঞ্জামের প্রয়োজন আছে কি?
- ঝুঁকির মাত্রা চিহ্নিত করার জন্য আমি কি সঠিক মানুষের সাথে পরামর্শ করেছি?
- এই ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য কি পরিমাণ অর্থ, সম্পদ/রিসোর্স বা সময় হাতে রয়েছে?

এই প্রশ্নগুলোর উত্তর প্রদান করার মাধ্যমে কাজটি শুরু করা সহজ হবে।

আপনার ঝুঁকি মূল্যায়ন থেকে সমস্ত ফলাফল এবং সুপারিশ একটি মূল্যায়ন টেমপ্লেটে রেকর্ড করা উচিত। এই নথির নিয়মিত অন্তর্বর্তী সময়ে পর্যালোচনা করা উচিত, সাধারণত প্রতি বছর এবং / অথবা একটি গুরুত্বপূর্ণ ঘটনার পরে, উদাহরণস্বরূপ, সমুদ্র সৈকতে ভূসংস্থানের বড় পরিবর্তনের ফলে অথবা পানিতে ডুবে যাওয়ার উপর কোন ঘটনা অনুসরণ করে।

আপনার ঝুঁকি মূল্যায়ন জন্য একটি সংগঠিত ফাইলিং সিস্টেম ব্যাপকভাবে এই পর্যালোচনার প্রক্রিয়াটিতে সাহায্য করবে। এটি অনলাইনে সংগঠিত করা যেতে পারে, আপনার কম্পিউটারে (এটি প্রদান করা হয়) অথবা যদি আপনার কাছে ডিজিটাল রিসোর্স ব্যবহারের সুবিধা না থাকে তবে একটি কাগজের ফরমেটেও হতে পারে।

এটি মনে রাখা যুক্তিসঙ্গত যে, আপনি শুধুমাত্র সেগুলো করতে পারেন যেগুলোর ঝুঁকি নিয়ন্ত্রণ করা সহজ। এর অর্থ হচ্ছে নিয়ন্ত্রণ ব্যবস্থা বাস্তবায়নের জন্য সময়, প্রতিকূলতা এবং / অথবা অর্থের বিপরীতে ঝুঁকির মাত্রার ভারসাম্য। ঝুঁকি মূল্যায়ন সম্পন্ন করার সময় আপনার কাছে যে তথ্যসমূহ আছে শুধুমাত্র আপনি সেগুলোর উপর কাজ করতে সক্ষম হবেন, কোন অপ্রত্যাশিত ঝুঁকির জন্য আপনাকে দায়ী করা যাবে না।

## ৫.২ ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণ

অন্য কোন প্রকার প্রশিক্ষণ বা মূল্যায়ন করার পূর্বে একটি ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণের স্থান এবং এর সঙ্গে সম্পর্কিত প্রয়োজনীয় সকল কার্যকলাপ গ্রহণ করা উচিত।

একটি ঝুঁকি মূল্যায়ন প্রশিক্ষণের পাঁচটি ধাপ নীচে দেখানো হয়েছে।

সম্ভাব্য বিপদসমূহ চিহ্নিত করা

↓

ঝুঁকি কি?
(বিপদটিতে আঘাত/ক্ষয়ক্ষতি ঘটতে পারে তার কতখানি সম্ভাবনা আছে এবং আঘাতটি/ক্ষয়ক্ষতি কতটা গুরুতর হতে পারে?)

↓

প্রয়োজনে ঝুঁকি অপসারণে নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন করুন

↓

রেকর্ডের ফলাফলসমূহ

↓

প্রয়োজন হলে মূল্যায়নটি পর্যালোচনা করে সংশোধন করুন

এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে একটি প্রশিক্ষণের ঝুঁকি মূল্যায়ন পরিচালিত হওয়ার সময় যে পরিবেশগত অবস্থায় থাকে তার উপরই শুধুমাত্র এটি কার্যকর হবে। অবস্থার যেকোন পরিবর্তনে ঝুঁকির উপর প্রভাব ফেলতে পারে, অতএব, নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ গ্রহণ করা প্রয়োজন। যদি কোন এলাকায় পূর্বের ঝুঁকি মূল্যায়নের কোন পরিবর্তন আসে সেক্ষেত্রে পুনরায় ঝুঁকি মূল্যায়ন করতে হবে।

প্রশিক্ষক / মূল্যায়নকারী হ্যান্ডবুকে প্রতিটি প্রশিক্ষণ ম্যানুয়ালের জন্য একটি ফাঁকা/শুন্য প্রশিক্ষণ ঝুঁকি মূল্যায়ন অন্তর্ভুক্ত করা হয়েছে।

### পানি-ভিত্তিক প্রশিক্ষণ

যদি প্রশিক্ষণের সময় শিক্ষার্থীদের পানিতে নামতে হয় সেক্ষেত্রে কোর্সের শুরুতেই তাদের সাঁতারের দক্ষতার মূল্যায়ন করাটা গুরুত্বপূর্ণ।

প্রশিক্ষক / মূল্যায়নকারী ম্যানুয়ালে একটি সাঁতার মূল্যায়নের কাগজ অন্তর্ভুক্ত করা হয়েছে প্রতিটি প্রশিক্ষণ ম্যানুয়ালের জন্য হ্যান্ডবুক রয়েছে।

### স্বাস্থ্যগত বিষয়বস্তু/শর্তসমূহ

শিক্ষার্থীদের জিজ্ঞেস করতে হবে যদি তাদের কোন মেডিক্যাল কন্ডিশন/স্বাস্থ্যগত সমস্যা থাকে (যেমন হার্টে সমস্যা বা হাঁপানি) যা প্রশিক্ষণের সময় তাদের উপর প্রভাব ফেলতে পারে।

### জরুরী পরিকল্পনা

একটি জরুরী পরিকল্পনা তৈরি করা উচিত যেন প্রশিক্ষণ বা মূল্যায়নের সময় যদি কোন জরুরী অবস্থা ঘটে তবে তা অনুসরণ করা যেতে পারে।

জরুরী পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা উচিত:

- কি ধরনের প্রাথমিক চিকিৎসা প্রদানের সরঞ্জাম প্রয়োজন এবং কারা প্রাথমিক চিকিৎসা দিতে পারেন
- প্রয়োজনে কিভাবে জরুরি সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করতে হবে
- কিভাবে একজন আহত ব্যক্তিকে হাসপাতালে নিতে হবে
- শিক্ষার্থীদের যোগাযোগের ঠিকানা

### প্রশিক্ষণের সময় আঘাত

অনেক জীবনরক্ষার প্রশিক্ষণ কার্যক্রমে শারীরিক ব্যায়াম জড়িত থাকে। এটি জরুরি যে প্রশিক্ষক শিক্ষার্থীদের ব্যায়াম অনুশীলন করার আগে তাদের পেশীগুলিকে উষ্ণ করতে সময় দেয়। এটি আঘাতের সম্ভাবনা হ্রাস করবে।

প্রশিক্ষণে মানুষ এবং বস্তু উত্তরণের কাজে অংশ নিতে হতে পারে। শিক্ষার্থীরা আরামদায়কভাবে যতটুকু উত্তোলন করতে সক্ষম তার বেশী উত্তোলন করতে বলাটা উচিত নয়, এবং হ্যান্ডলিং কৌশল শেখানোর ক্ষেত্রে সঠিক ম্যানুয়ালটি ব্যবহার করা উচিত।

# ইউনিট ৬: দক্ষতাসমূহের প্রশিক্ষণ






শেখার ফলাফলসমূহ

৬.১ কিভাবে একটি প্রশিক্ষণের পরিবেশ তৈরি করতে হয় তা বুঝতে পারা।
৬.২ শিক্ষার্থীদের নিকট প্রশিক্ষণ কোর্স চালু করতে সক্ষম হবেন।
৬.৩ শিক্ষার্থীদের সঙ্গে কার্যকরভাবে যোগাযোগ করতে সক্ষম হবেন।
৬.৪ শিক্ষার্থীদের শেখার ফলাফল অর্জনের জন্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করতে সক্ষম হবেন।
৬.৫ শিক্ষার্থীদের কার্যকরী মন্তব্য এবং প্রতিক্রিয়া জানাতে সক্ষম হবেন।
৬.৬ কার্যকরভাবে বিভিন্ন প্রশিক্ষণ রিসোর্স ব্যবহার করতে সক্ষম হবেন।

## ৬.১ প্রশিক্ষণের পরিবেশ

একটি ভালভাবে সেট আপ করা প্রশিক্ষণ পরিবেশে পাঠ্যক্রম চালানো সহজ হয় এবং শিক্ষার্থীরা সহজে শিখতে পারে।

| শ্রেণীকক্ষ  | বাস্তবিক/ব্যবহারিক অথবা জলজ পরিবেশ  |
|---|---|
| শিক্ষার্থীদের বসার যেন জায়গা থাকে তা নিশ্চিত করুন, যার ফলে তারা প্রশিক্ষক এবং ভিসুয়াল এইডগুলো দেখতে পাবে। গ্রুপ কাজের জন্য প্রয়োজন হলে টেবিল সেট করা উচিত। | কার্যকলাপের জন্য একটি নিরাপদ জায়গা প্রস্তুত করুন। উদাহরণস্বরূপ, পানির মধ্যে একটি নির্দিষ্ট প্রশিক্ষণ এলাকা তৈরির জন্য দড়ি এবং পাত্র ব্যবহার করুন। |
| সবার দেখার সুযোগের জন্য মৌলিক নিয়মসমূহ তালিকাভুক্ত করা উচিত। | কার্যক্রম শুরু করার আগে নিয়ম সেট করুন। |
| ব্যাঘাতসমূহ অপসারণ করুন। | শিক্ষার্থীরা যেন কোন প্রকার ব্যাঘাতগ্রস্ত না হয় তা নিশ্চিত করুন |
| যে রিসোর্সসমূহ আছে সেগুলো প্রদান করুন, উদাহরণস্বরূপ, শিক্ষার্থী/স্টুডেন্ট ম্যানুয়ালসমূহ। | যে রিসোর্সসমূহ আছে সেগুলো প্রদান করুন, উদাহরণস্বরূপ, রেসকিউ টিউব, রিসেসিটেসন ম্যানিকুইন্স, থ্রো/নিক্ষেপ লাইনসমূহ। |
| যদি সম্ভব হয় একটি দেয়াল ঘড়ি রাখা নিশ্চিত করুন। | প্রশিক্ষকের একটি হাত ঘড়ি পরা উচিত। |
| যদি সম্ভব হয় একটি দেয়াল ঘড়ি রাখা নিশ্চিত করুন। | যেন ছায়া এবং উষ্ণ এলাকা পাওয়া যায় তা নিশ্চিত করুন। |
| নিশ্চিত করুন যেন কম্পিউটার / প্রজেক্টর / স্পিকার সেট আপ/ স্থাপন করা হয়েছে এবং সেগুলো ঠিকভাবে কাজ করছে। | সরঞ্জাম সেট আপ/ স্থাপন করা হয়েছে এবং সেগুলো কাজ করছে। |
| খাবার পানি পাওয়া যাবে। | |

## ৬.২ প্রশিক্ষণ কোর্সের পরিচিতি

নিজেকে উপস্থাপন করুন, বিষয়টিতে আপনার অভিজ্ঞতা এবং যোগ্যতার কাঠামো তৈরি করুন:

- আপনার পরিচয় দিন
- ক্লাসকে শিথিল/হালকা হবার এবং একে অপরকে  জানার অনুমতি দিন
- কোর্স সম্পর্কে তথ্য প্রদান করুন
- প্রাসঙ্গিক প্রত্যাশাসমূহ সেট করুন

এটি প্রশিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য অপরিহার্য যেন তারা যে বিষয়টি শিখতে যাচ্ছে সে ব্যাপারে উৎসাহী হয়।

### আইস-ব্রেকার এবং এনারজাইজারসমূহ

একটি আইস-ব্রেকার গ্রুপে একে অপরকে জানার একটি ভাল উপায়। একটি আইস-ব্রেকার একটি গ্রুপ বা পৃথক কোন শিক্ষার্থীর আনন্দময় কাজ হতে পারে যা শিক্ষার্থীদের পারস্পরিক যোগাযোগের অনুমতি দেয়।

এনারজাইজারগুলো খুব ছোট কার্যকলাপের হয়ে থাকে যা শিক্ষার্থীদের শেখা থেকে বিরতি দেয় এবং তাদের নিজেদের রিফ্রেশ করতে/ একঘেয়েমি দূর করতে অনুমতি দেয়। এনারজাইজারগুলোতে যেন পুরো ক্লাস অন্তর্ভুক্ত থাকে তা নিশ্চিত করুন।

এই ম্যানুয়ালের জন্য স্টুডেন্ট রিসোর্স প্যাকটিতে আইস-ব্রেকার এবং এনারজাইজারগুলির একটি তালিকা অন্তর্ভুক্ত করা হয়েছে।

### প্রত্যাশা এবং কল্যাণ

প্রশিক্ষণের শুরুতে গ্রুপকে যে কোন প্রত্যাশা এবং নির্দেশিকা সম্পর্কে সচেতন করতে হবে যেগুলো অনুসরণ করা হবে এটি নিশ্চিত করার জন্য যেন প্রশিক্ষণটি প্রত্যেকের ক্ষেত্রে যতটা সম্ভব কার্যকরী হয়।
এই প্রত্যাশাসমূহ ও নির্দেশিকাগুলো এমন কোন স্থানে রাখাটা উপকারী যেন সবাই দেখতে পারে।

যে তথ্যসমূহ প্রদান করতে হবে এবং তার ব্যাখ্যায় যা অন্তর্ভুক্ত করতে হবে:

- একটি সময়ের তালিকা
- প্রশিক্ষণে যারা অংশ নিচ্ছে তাদের তালিকা এবং  তারা কোন সংস্থা / এলাকা থেকে এসেছে।
- টয়লেট সুবিধা, পানি , ছায়া ইত্যাদির অবস্থান
- সেশনে সঠিক সময়ে পৌঁছানোর গুরুত্ব
- অন্যদের সম্মান এবং সমর্থন/সাহায্য করার গুরুত্ব
- মোবাইল ফোন বন্ধ বা নীরব/সাইলেন্ট রাখার গুরুত্ব।
- ধূমপানের এলাকা এবং কখন ধূমপানের অনুমতি রয়েছে।
- খাবার গ্রহনের জায়গা এবং খাবারের সময়সূচী
- একটি জরুরী পরিকল্পনা
- ঝুঁকি মূল্যায়ন এবং নিয়ন্ত্রণ ব্যবস্থা।



## ৬.৩ যোগাযোগ

একজন প্রশিক্ষকের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ দক্ষতাটি হচ্ছে যোগাযোগ। এটি শুধুমাত্র একজন ব্যক্তির কাছ থেকে তথ্য অন্য ব্যক্তির কাছে স্থানান্তর করাকে বুঝায়।

একজন প্রশিক্ষক হিসাবে এই প্রক্রিয়াটিকে যতটা সম্ভব সহজ এবং সঠিকভাবে করাটা আপনার দায়িত্ব। যোগাযোগ হচ্ছে একটি দ্বিপাক্ষিক প্রক্রিয়া তা মনে রাখতে হবে। একজন ভাল প্রশিক্ষক শুধু নিজেই কথা বলবে না বরং যতটা সম্ভব কথা শুনবে এবং পর্যবেক্ষণ করবে। নিম্নলিখিত পরামর্শগুলো আপনাকে সাহায্য করবে।

| প্রশিক্ষকের দক্ষতা | মন্তব্য |
|---|---|
| দৃষ্টি সংযোগ<br> | একটি কার্যকর প্রশিক্ষণের ক্ষেত্রে দৃষ্টি সংযোগ একটি গুরুত্বপূর্ণ দিক যা কখনও কখনও উপেক্ষা করা হয়। ক্লাসের সবার সঙ্গে দৃষ্টি সংযোগ বজায় রাখার চেষ্টা করুন।<br>একটি স্ক্রিপ্ট বা বই সরাসরি পড়া থেকে বিরত থাকার চেষ্টা করুন।<br>আপনি কি পরিমাণ দৃষ্টি সংযোগ করছেন সে বিষয়ে সচেতন থাকুন এবং কোন পৃথক শিক্ষার্থীকে অনবরত দৃষ্টি সংযোগ করা থেকে বিরত থাকুন। |
| কণ্ঠস্বর<br> | কখনও কখনও শিক্ষার্থীর নিকট তথ্য সরবরাহের ব্যাপারটি আপনার কণ্ঠস্বরের উপর নির্ভরশীল।<br>নির্দিষ্ট কোন একটি ভলিউম লেভেল বজায় রাখার চেষ্টা করুন যেন সব শিক্ষার্থী আপনাকে শুনতে পায়।<br>শ্বাস নিতে এবং শান্তিপূর্ণ অবস্থায় থাকার চেষ্টা করবেন।<br>শান্ত থাকতে এবং শ্বাস নিতে মনে রাখবেন।<br>খুব দ্রুত বা খুব ধীরে কথা বলবেন না।<br>মূল যুক্তিগুলো গুরুত্ব দিতে আরো শান্তভাবে কথা বলুন।<br>বিরতি ব্যবহার করুন। একটি পানীয় নিন এবং নিজের এবং শ্রোতাদের চিন্তাধারা নিয়ে ভাবার অনুমতি দিন। |
| শারীরিক ভাষা<br> | শারীরিক ভাষা প্রশিক্ষকের জন্য একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। আপনি যেই এলাকায় প্রশিক্ষন দিচ্ছেন সেখানে শরীরের ভাষা সংক্রান্ত কোন প্রথাগত বিষয় লক্ষ্য করা জরুরি কিনা তা খুঁজে বের করুন।<br>সব সময় শিক্ষার্থীদের সম্মুখীন হওয়ার চেষ্টা করুন।<br>হাসুন! এটি শিক্ষার্থীকে স্বস্তি দেয় এবং একটি স্বস্তিপূর্ণ শেখার পরিবেশ সৃষ্টি করে।<br>আপনি কি বলতে চাচ্ছেন তা বর্ণনা করতে প্রয়োজনে আপনার হাত ব্যবহার করুন।<br>আপনার হাত পকেটে রাখা থেকে বিরত থাকুন।<br>নাড়াচাড়ার ফলে মনোযোগের বিঘ্ন/অমনোযোগিতা এড়িয়ে চলুন, যেমন হাঁটা বা আপনার হাত দোলানো। |
| শ্রবণ<br> | শ্রবণ এমন একটি দক্ষতা যা প্রায়ই প্রশিক্ষণের সময় উপেক্ষা করা হয়।<br>উত্তর দেওয়ার আগে শিক্ষার্থী যা বলতে চায় তা পুরোটা শুনুন।<br>শিক্ষার্থীকে কথা শুনার সময় মাথা নাড়ুন যেন শিক্ষার্থী বলা অব্যাহত রাখতে উৎসাহিত বোধ করে।<br>শিক্ষার্থী যা নিয়ে কথা বলছে সে সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করুন।<br>শিক্ষার্থীদের প্রশ্নগুলি লিখে রাখুন যাতে প্রয়োজনে পরবর্তীতে সেগুলোর উত্তর দিতে পারেন। |

| প্রশিক্ষকের প্রশিক্ষণ | মন্তব্য |
|---|---|
| স্নায়বিক অবস্থা  | একজন গ্রুপকে সম্বোধন করার সময় স্নায়বিক বা চিন্তিত হওয়া স্বাভাবিক ব্যাপার তবে প্রশিক্ষক / মূল্যায়নকারী হিসাবে আপনার কর্মক্ষমতা সম্পর্কিত স্নায়ুর প্রভাব কমাতে আপনি অনেকগুলি কৌশল ব্যবহার করতে পারেন।<br>সেশন শুরু করার আগে শ্বাস-প্রশ্বাসের অনুশীলন করার কথা বিবেচনা করুন (সম্ভবত আপনার শিক্ষার্থীদের দৃষ্টির অগোচরে) যা আপনার হৃদস্পন্দন কমিয়ে আনতে এবং স্নায়ুকে শান্ত করতে সাহায্য করবে। আপনার চোখ বন্ধ করে কিছু গভীর, ধীর গতির শ্বাস নিন (প্রায় ৩ সেকেন্ডে শ্বাস নিন এবং ৩ সেকেন্ড শ্বাস ছাড়ুন) যা আপনার মানসিক চাপ কমাতে সাহায্য করবে।<br>আপনার অধিবেশনের/সেশনের আগে ভালভাবে প্রস্তুতি নিন যা আপনাকে আপনার দক্ষতার সেরা উপস্থাপানায় পৌঁছাতে সাহায্য করবে। আপনি আপনার সেশনের পর্যাপ্ত অনুশীলন করা নিশ্চিত করুন যেন সেশনের উপকরণ এবং সেশনের গতি নিয়ে আপনি সন্তুষ্ট হতে পারেন।<br>আপনি যেন অধিবেশন শুরু করার আগে পৌঁছাতে পারেন এবং সেট আপ করার জন্য নিজেকে প্রচুর সময় দিতে পারেন তা নিশ্চিত করুন। বিলম্ব হওয়া বা সেটআপ করার জন্য পর্যাপ্ত সময় না থাকার কারণে আপনার উদ্বেগের মাত্রা বৃদ্ধি পাবে এবং আপনি হয়ত হঠাৎ তাড়াহুড়া বা অপ্রস্তুত অনুভব করবেন। |
| ছবি বা অঙ্কনের ব্যবহার  | ফটো এবং অঙ্কন যোগাযোগের একটি কার্যকর উপায়।<br>আপনি যে বিষয়টি শিখাচ্ছেন সে সম্পর্কিত ছবি সমূহ শিক্ষার্থীদের প্রায়ই জটিল তথ্য সমূহ বুঝতে সাহায্য করে।<br>ছবি সার্বজনীন, এক্ষেত্রে ভাষা বা পড়ার ক্ষমতার প্রয়োজন হয় না। আপনি কি শেখাচ্ছেন তা বালিতে এঁকে ব্যাখ্যা করতে পারেন। |
| ভিডিও ব্যবহার  | শ্রেণীকক্ষে বাহিরের বিশ্বকে তুলে ধরার ক্ষেত্রে বিভিন্ন ভিডিও দেখানো জরুরি।<br>একটি পছন্দ করা ভাল ভিডিও শেখার বিষয়ে অত্যন্ত সহায়ক কারণ এটি বাস্তবিক পরিস্থিতি এবং মানুষদের দেখায় যা বিষয়টির ক্ষেত্রে প্রাসঙ্গিক।<br>প্রশিক্ষক ও পরিবেশ থেকে শিক্ষার্থীদেরকে বিরতিও দেয়। ক্লাসের আলোচনায় উদ্দীপনা আনার ক্ষেত্রে ভিডিও একটি ভাল টুল/ মাধ্যম। |
| গল্প বলা  | অধিকাংশ ক্ষেত্রে দেখা গেছে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষনের ক্ষেত্রে গল্প একটি শক্তিশালী মাধ্যম।<br>আপনি যখন একটি গল্প বলবেন, তখন প্রায়শই আপনি সমস্ত শিক্ষার্থীদের সম্পূর্ণ মনোযোগ দেখতে পাবেন।<br>ভাল প্রশিক্ষকরা জানেন কিভাবে একটি গল্প ব্যবহার করে<br>শ্রোতাদের সাথে মানসিক সংযোগ তৈরি করতে হয়। |
| ডিজিটাল পদ্ধতিতে উপস্থাপন  | প্রশিক্ষককে ভিজুয়াল উপস্থাপনায় সাহায্যের ক্ষেত্রে বেশ কিছু ডিজিটাল সরঞ্জাম সহজলভ্য রয়েছে। এরমধ্যে সর্বাধিক জনপ্রিয় একটি হচ্ছে পাওয়ারপয়েন্টTM/PowerPointTM<br>-সেকশন ৬.৬ এ ডিজিটাল রিসোর্স ব্যবহারের উপর নির্দেশিকা দেওয়া হয়েছে।<br>- প্রশিক্ষণ রিসোর্সসমূহ |

একজন ভাল প্রশিক্ষক প্রথমবার একটি সেশন প্রদানের আগে তার যোগাযোগের দক্ষতা অনুশীলন করবে। এটি বন্ধুদের বা সহকর্মীদের সামনে অথবা এমনকি একটি আয়নার সামনেও হতে পারে।

## ৬.৪ প্রদানের পদ্ধতিসমূহ

প্রশিক্ষণের সময় নিচের বহুলপ্রচলিত পদ্ধতিসমূহ ব্যবহার করা যেতে পারে।

| সরবরাহ /প্রদানের পদ্ধতি | কারণ |
|---|---|
| শেখার সেশনসমূহ ছোট অংশে বিভক্ত করুন। এটি 'চাংকিং' হিসেবে পরিচিত।<br>একটি যৌক্তিক অগ্রগতি এবং দক্ষতাসমূহ ধীরে ধীরে প্রদর্শিত হয়। | • অত্যধিক তথ্য প্রদান করে শিক্ষার্থীদের ওভারলোড/ মাথা ভরতি করা ঠিক না।<br>• একটি শেখার স্বাভাবিক অগ্রগতির অনুমতি দেয়।<br>• প্রত্যেকটি উপকরণের উপর মন্তব্য এবং প্রতিক্রিয়া জানাতে প্রশিক্ষক সময় পায়। |
| প্রশিক্ষনটি আকর্ষণীয়,সক্রিয় এবং মজাদার করে তুলুন। | • বেশিরভাগ শিক্ষার্থী আরো কার্যকরভাবে শিখতে পারে যখন তারা সক্রিয়ভাবে জড়িত হয়।<br>• নতুন তথ্য সম্পর্কে আগ্রহ তৈরি করে। |
| বিভিন্ন শেখার পদ্ধতি এবং রিসোর্সসমূহের মিশ্রণ ব্যবহার করুন। | • বিভিন্ন শিক্ষার্থী বিভিন্ন পদ্ধতিতে শিখতে পারে।<br>• সবার আগ্রহ তৈরি করতে বিভিন্ন প্রশিক্ষণ পদ্ধতি এবং রিসোর্সসমূহ ব্যবহার করুন। |
| প্রচুর পরিমাণ বিরতি অন্তর্ভুক্ত করুন। | • একজন শিক্ষার্থীর গড় মনোযোগের সময় ২০ মিনিট পর্যন্ত।<br>• শিক্ষার্থীদের সময় দেয়ার চেষ্টা করুন যেন তারা চাপমুক্ত থাকে এবং একে অপরের সাথে কথা বলতে পারে যা তাদের শিখতে সাহায্য করে। |
| প্রশ্ন এবং ক্রমাগত মূল্যায়ন ব্যবহারের ক্ষেত্রে শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে স্পষ্ট করে নিন। | • এটি নিশ্চিত করে যে শিক্ষার্থীরা প্রশিক্ষণটি বুঝতে পেরেছে এবং তারা কার্যকরভাবে দক্ষতাসমূহ প্রদর্শন অথবা তথ্য বর্ণনা করতে সক্ষম। |
| শিক্ষার্থীরা যেন নতুন শিক্ষাগুলো অনুশীলন করে তা নিশ্চিত করুন। | • শিক্ষার্থীদের সমস্যা এবং দৃশ্যকল্প সমাধান করার জন্য তাদের নতুন দক্ষতা এবং তথ্য ব্যবহারে উৎসাহিত করে। এটি শেখাটাকে স্থায়ী করতে সাহায্য করে। |

## EDICT

বাস্তব /ব্যবহারিক দক্ষতা শেখানোর একটি ভাল উপায় হচ্ছে EDICT ব্যবহার করা। নিচের টেবিলটি এটিকে ব্যাখ্যা করে এবং রিকোভারি পজিশন কিভাবে শেখানো যায় তার একটি উদাহরণ দেয়।

| EDICT | এর অর্থ কি ? | উদাহরণ |
|---|---|---|
| Explain<br>ব্যাখ্যা করা | একজন প্রশিক্ষক / মূল্যায়নকারী ব্যাখ্যা করেন শিক্ষার্থীরা এখন কি করতে যাচ্ছে এবং কেন তা করবে ? | একজন প্রশিক্ষক / মূল্যায়নকারী ব্যাখ্যা করেন কেন এবং কিভাবে একজন আহত ব্যক্তিকে রিকোভারি পজিশনে/অবস্থানে রাখতে হয়। |
| Demonstrate<br>প্রদর্শন করা | প্রশিক্ষক / মূল্যায়নকারী স্পষ্টভাবে দক্ষতাটি প্রদর্শন করে | কিভাবে একজন আহত ব্যক্তিকে সঠিক উপায়ে রিকোভারি পজিশনে/অবস্থানে রাখতে হয় তা প্রশিক্ষক / মূল্যায়নকারী প্রদর্শন করে। |
| Imitate (copy)<br>অনুকরণ (কপি) | প্রশিক্ষক / মূল্যায়নকারী শিক্ষার্থীকে দক্ষতা ও অনুশীলন করার অনুমতি দেন | প্রশিক্ষক / পরামর্শদাতা শিক্ষার্থীদের একজন হতাহত ব্যক্তিকে রিকোভারি পজিশনে/অবস্থানে অনুকরণ করতে (কপি) বলেন। |
| Correct<br>সঠিক | প্রশিক্ষক / মূল্যায়নকারী শিক্ষার্থীকে পর্যবেক্ষণ করেন এবং শিক্ষার্থী যেন সঠিকভাবে দক্ষতা প্রদর্শন করতে পারে তা নিশ্চিত করার জন্য মতামত /প্রতিক্রিয়া প্রদান করেন। | প্রশিক্ষক / মূল্যায়নকারী শিক্ষার্থীকে পর্যবেক্ষণ করেন এবং শিক্ষার্থীর যেকোন ভুল সংশোধন করে দেন এবং ভাল কাজের /পারফরম্যান্সের জন্য উৎসাহ দেন। |
| Test<br>পরীক্ষা | একজন শিক্ষার্থী যেন বার বার মূল্যায়ন মানদণ্ডের দক্ষতা প্রদর্শন করতে পারে তা প্রশিক্ষক / মূল্যায়নকারী নিশ্চিত করে । | একজন শিক্ষার্থী যেন সঠিকভাবে একজন হতাহত ব্যক্তিকে রিকোভারি অবস্থানে/পজিশনে রাখার ক্ষমতা প্রদর্শন করতে পারে তা প্রশিক্ষক / মূল্যায়নকারী নিশ্চিত করে। |

## ৬.৫ শ্রেণীকক্ষের ব্যবস্থাপনা

কার্যকরী শ্রেণীকক্ষের ব্যবস্থাপনা শিক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান। এটি রুটিনসমূহ এবং প্রত্যাশাগুলো প্রতিষ্ঠা করে যাতে যেকোনো বিঘ্ন হ্রাস করা যায়, যা শিক্ষাদান ও শেখার জন্য একটি সংগঠিত পরিবেশ তৈরি করতে উৎসাহিত করে।

শুরু থেকে আপনার 'নিয়ম' বা সীমাবদ্ধতা আলোচনা / প্রদর্শন করা গুরুত্বপূর্ণ। সীমাবদ্ধতা তৈরির ক্ষেত্রে গ্রুপটির আকর্ষন নিশ্চিত করতে হবে যা আপনার এবং শিক্ষার্থীদের প্রত্যাশাগুলি একত্রিত করার ক্ষেত্রে একটি কার্যকরী উপায় হতে পারে।

| কৌশল | উদাহরণ |
|---|---|
| অবাঞ্ছিত/ অপ্রয়োজনীয় বাধা এড়িয়ে চলুন | সেশনের সময় ফোন সাইলেন্ট/নীরব রাখুন |
| সেশনটি  সময় সীমার মধ্যে চালানো নিশ্চিত করুন। | আপনার সেশন শুরু এবং শেষ হবার একটি জন্য কঠোর কিন্তু বাস্তবসম্মত সময় সেট করুন এবং তা শক্তভাবে মেনে চলুন। |

আপনার তৈরি করা নিয়ম/সীমাবদ্ধতা গ্রুপটি যেন মেনে চলে তা নিশ্চিত করার জন্য যারা বিধিনিষেধ মেনে চলবে না তাদের পরিণতি তৈরি করা এবং তুলে ধরা জরুরি।   এই পরিণতিগুলো শুরু থেকে পরিষ্কার করা উচিত। উদাহরণস্বরূপ, দেরী করে আসা শিক্ষার্থীদের সেশন শেষে শ্রেণীকক্ষটি পরিস্কার করার জন্য বলা যেতে পারে।

### বিঘ্নতামূলক আচরণ

বিঘ্নতামূলক আচরণের শিক্ষার্থীরা আপনার একটি শ্রেণীকক্ষ পরিচালনার দক্ষতার উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। আপনার সেশন পরিকল্পনাটির বিঘ্ন  ঘটানোর মাধ্যমে প্রতিকূল প্রভাব ফেলতে পারে এবং দলের অন্যান্য সদস্যদেরও শেখার অভিজ্ঞতায় বাধা তৈরি করে।

কিভাবে বিঘ্নিত আচরণের মোকাবেলা করতে হয়:

- শিক্ষার্থীর সঙ্গে সরাসরি কথা বলুন, কিন্তু তাদেরকে অবমূল্যায়ন করে কথা বলবেন  না
- আপনি শিক্ষার্থীকে যা বলছেন তা যেন দৃঢ় এবং পরিষ্কার/বোধগম্য হয়
- সতর্কতার সাথে আপনার কণ্ঠস্বর ব্যবহার করুন - আপনার আবেগ দেখানো থেকে বিরত থাকার চেষ্টা করুন
- শিক্ষার্থীর কথা সময় নিয়ে শুনুন
- শিক্ষার্থীর সাথে একটি মধ্যস্থতার / সমঝোতার চুক্তি খুঁজে বের করার চেষ্টা করুন
- শিক্ষার্থীদের সঙ্গে পৃথকভাবে আলোচনা করুন যেন তাদের যেকোন সমস্যা / শেখার চাহিদাগুলো সম্পর্কে জানতে পারেন যেগুলো সম্পর্কে  হয়ত আপনি অবগত ছিলেন না।

### স্বল্প  বা অধিক দক্ষতার  শিক্ষার্থীদের সঙ্গে আচরণ (পৃথকীকরণ)

শ্রেণীকক্ষে আলোচনার সময় প্রায়ই এমন শিক্ষার্থী পাওয়া যায় যারা তাদের চিন্তাভাবনা এবং ধারনা প্রকাশের ক্ষেত্রে কুণ্ঠাবোধ করে না যেখানে অন্যরা চুপ করে থাকে।

এটি একটি সূক্ষ্ম ভারসাম্য তৈরি করে যা শান্ত/ চুপচাপ প্রকৃতির শিক্ষার্থীদের উপর কর্তৃত্ব খাটানোর সুযোগ না দিয়ে দৃঢ় ব্যক্তিত্বের শিক্ষার্থীদের সমানভাবে জড়িত হবার সুযোগ করে দেয়।

'ওভার পারফর্মিং' /অধিক দক্ষতার শিক্ষার্থীদের সহপাঠীদের একে অন্যের কাছ থেকে শেখানোর কাজে ব্যবহার করা যেতে পারে। সহপাঠীদের একে অন্যের কাছ থেকে শেখার ক্ষেত্রে আপনি শিক্ষার্থীটিকে অন্যদের শেখাতে অথবা অন্য কোন শিক্ষার্থীকে নেতৃত্ব দেয়ার কাজে জিজ্ঞাসা করতে পারেন যা জোড়া বা গ্রুপ কাজের ক্ষেত্রে হতে পারে। যার ফলে তারা বিষয়টিতে আরও আগ্রহী হয়ে উঠবে এবং তাদের জ্ঞানটি প্রচারেও উৎসাহিত বোধ করবে।

দলটিকে প্রশ্ন করার সময় পরিকল্পিত বিভিন্ন প্রশ্ন পদ্ধতিসমূহের ব্যবহার নিশ্চিত করুন যেন সকল শিক্ষার্থী আলোচনায় অংশ নিতে পারে।

শান্ত চুপচাপ প্রকৃতির শিক্ষার্থীদের আলোচনায় যোগদান করতে উৎসাহিত করুন, তাদেরকে আলাদাভাবে  প্রশ্ন করুন অথবা তাদের মতামত সরাসরি জানার চেষ্টা  করুন যাতে করে দলটি সংকেত পায় যে প্রশ্নটি সবার জন্য করা হয়নি।

## ৬.৬ প্রতিক্রিয়া/মতামত প্রদান

শিক্ষার্থীদের প্রেরণা জোগানো এবং উন্নতির জন্য প্রতিক্রিয়া এবং মতামত প্রদান প্রয়োজন। একজন কার্যকর প্রশিক্ষক / মূল্যায়নকারী এটি নিশ্চিত করে যেন শিক্ষার্থী নিয়মিত তাদের কাজের উপর মন্তব্য এবং প্রতিক্রিয়া পায়।

প্রতিক্রিয়া এবং মন্তব্য বেশিরভাগ ক্ষেত্রে প্রশিক্ষক বা মূল্যায়নকারী দ্বারা দেওয়া হয় তবে দলের অন্যান্য শিক্ষার্থীরা দিলেও তা কার্যকরী হতে পারে।

যেকোনো ব্যক্তির সম্পর্কে মতামত এবং প্রতিক্রিয়া পৃথকভাবে অথবা দলের সামনে দেয়া যাবে কিনা তার সিদ্ধান্ত প্রশিক্ষক / মূল্যায়নকারীকে নিতে হবে। কোন গুরুত্বপূর্ণ মতামত এবং প্রতিক্রিয়া শিক্ষার্থীকে আলাদাভাবে দেয়াটা নিশ্চিত করতে হবে। মতামত এবং প্রতিক্রিয়া জানানোর সময় শিক্ষার্থীর নাম ব্যবহার করা বিশেষ উপকারী কারণ এটি তার জন্য আরও ব্যক্তিগত হয়ে ওঠে।

| মতামত এবং প্রতিক্রিয়া প্রদানের ধরন | মন্তব্যসমূহ |
|---|---|
| মৌখিক | • ব্যক্তিগত বা গ্রুপের প্রতিক্রিয়া/মতামত জানানোর জন্য ভাল ব্যবস্থা।<br>• মূল্যায়নকারী নির্দিষ্ট মনোভাব দেখাতে সক্ষম হয়<br>• শিক্ষার্থীদের কার্যক্রমের উপর প্রশ্ন করতে উৎসাহিত করে।<br>• উন্নতিতে উৎসাহিত করার জন্য মূল্যায়নকারীর সহজ হয়।<br>• শিক্ষার্থীরা সহজে তাদেরকে দেয়া মতামত ভুলে যেতে পারে। |
| স্কোর গাইড/ নির্দেশিকা | • স্কোরের মানে কি সে সম্পর্কে একটি গাইড/নির্দেশিকা থাকতে হবে।<br>• শিক্ষার্থীদের কিভাবে উন্নতি করতে হবে তা না জানানো |
| লিখিত | • ব্যক্তিগত মতামত জানানোর জন্য ভাল।<br>• শিক্ষার্থীদের রেকর্ডকৃত এলাকাসমূহের উপর কাজ করতে হবে।<br>• শিক্ষার্থী প্রশ্ন জিজ্ঞাসা করতে অক্ষম।<br>• মূল্যায়ন সম্পন্ন করতে দীর্ঘ সময় লাগতে পারে।<br>• দুপাক্ষিক মতামতের প্রদানের কোন ব্যবস্থা নেই |

একজন প্রশিক্ষক/মূল্যায়নকারি একজন শিক্ষার্থীকে বিস্তারিত কিন্তু সংক্ষিপ্ত প্রতিক্রিয়া জানাতে এইড (AID) মডেলটি ব্যবহার করতে পারেন।

| | | বর্ণনা | উদাহরণসমূহ |
|---|---|---|---|
| A | **A**ction<br>কার্যকলাপ | কি ঘটছে? তাদের কোন ধরনের কাজের ফলে সমস্যা তৈরি হচ্ছে। এটি খুব নির্দিষ্ট হতে হবে যেন তারা বুঝতে পারে আপনি তাদের কি বলছেন। | ‘আপনি সিপিআর সঠিকভাবে করছেন না’এটি ভাল কোন প্রতিক্রিয়া নয়- এই ধরনের প্রতিক্রিয়া / মতামত শিক্ষার্থীদের সিপিআর এর কৌশল উন্নত করার ক্ষেত্রে যথেষ্ট নয়।<br>যখন আপনি সিপিআর সম্পাদন করেন, আপনার কম্প্রেশনগুলির/ সঙ্কোচনের গতি সম্পর্কে সতর্কভাবে চিন্তা করুন। আপনি প্রতি মিনিটে ১০০-১২০ কম্প্রেশন/ সঙ্কোচন লক্ষ্য করা উচিত যা প্রায় প্রতি সেকেন্ডে ২ বার। |
| I | **I**mpact<br>প্রভাব | এর ফলে নির্দিষ্ট কি ধরনের প্রভাব পড়বে। | আপনার বর্তমান কম্প্রেশনগুলো/ সঙ্কোচনের গতি দ্রুত না হওয়ার ফলে সিপিআরটি (CPR) কার্যকরী হচ্ছে না, এর অর্থ হচ্ছে হৃদপিণ্ড শরীরের চারপাশে দ্রুত রক্ত সঞ্চালিত করতে সক্ষম হচ্ছে না। |
| D | **D**esired outcome<br>কাঙ্খিত ফলাফল | এই কথোপকথনের ফল হিসাবে আপনি যে পরিবর্তনগুলো দেখতে চান | আমি আপনাদেরকে বক্ষ সংকোচনের সর্বাধিক গতি প্রদর্শন করে দেখাবো, সুতরাং আপনারা একটি কার্যকরী সিপিআর কেমন করে সম্পাদন করতে হয় তা দেখার সুযোগ পাবেন, এরপর নিজেরা পুনরায় অনুশীলন করতে পারবেন। |

## কিভাবে মন্তব্য এবং প্রতিক্রিয়া গঠন করা হয়

প্রতিক্রিয়া এবং মতামত প্রদানের মাধ্যমে প্রয়োজনীয় উদ্দেশ্য অর্জনের জন্য একজন প্রশিক্ষক / মূল্যায়নকারীকে সর্বোত্তম পদ্ধতিতে শিক্ষার্থীর নিকট উপস্থাপন করা উচিত যেন তারা তা বুঝতে এবং গ্রহণ করতে পারে।

নিম্নলিখিত প্রবাহ চিত্রটি প্রতিক্রিয়া এবং মতামত গঠনের ক্ষেত্রে একটি ভাল পদ্ধতি হিসেবে উপস্থাপিত হয়:

**শিক্ষার্থী / গ্রুপ কাজটি সম্পূর্ণ করে।**

মূল্যায়ন মান এবং রিসোর্স নির্দেশিকা অনুযায়ী তাদের উপর নজর রাখুন এবং কর্মক্ষমতা রেকর্ড করুন।

↓

**প্রশংসা**

শিক্ষার্থী / গ্রুপকে কাজটি সম্পন্ন করার জন্য অথবা চেষ্টা করার জন্য স্বাগত জানান।

↓

**আত্ম প্রতিক্রিয়ায় উৎসাহিত করুন।**

শিক্ষার্থী বা গ্রুপকে জিজ্ঞাসা করুন কি ভাল হয়েছে এবং কি ভাল হয়নি। আলোচনায় উৎসাহিত করুন। TED ব্যবহার করুন - বলুন, ব্যাখ্যা করুন এবং বর্ণনা করুন।

↓

**মন্তব্য**

কোন বিষয়গুলো ভাল হয়েছে এবং কেন সেগুলো ভাল হয়েছে তা জানান। নির্দিষ্টভাবে জানান। এইড (AID) মডেল ব্যবহার করুন।

↓

**উন্নতি করা**

কি বিষয়ে উন্নতি করতে হবে এবং তাদের উন্নতি করার জন্য কি করা উচিত তা জানান । এইড (AID) মডেল ব্যবহার করুন।

↓

**উদ্যমের লিঙ্ক /যোগসূত্রতা**

কাজটি আবার সম্পন্ন করতে শিক্ষার্থী বা গোষ্ঠীকে উৎসাহ দিন এবং তাদেরকে জিজ্ঞাসা করুন কিভাবে তারা তাদেরকে দেয়া প্রতিক্রিয়া এবং মতামতসমূহ (ফিডব্যাক) ব্যবহার করে নিজেরদেরকে সাহায্য করতে পারে। এই সেশনের লিঙ্কটি কিভাবে পরবর্তী সেশনগুলোর সঙ্গে যুক্ত তা শিক্ষার্থীকে বলুন।

## ৬.৭ রিসোর্সসমূহের প্রশিক্ষণ

প্রশিক্ষণ রিসোর্সগুলো হচ্ছে ম্যাটেরিয়াল যা একজন প্রশিক্ষক শব্দসহ অথবা শব্দছাড়া ব্যবহার করতে পারে, যা শিক্ষার্থীদের শিখতে সহায়তা করে। সর্বাধিকভাবে ব্যবহৃত রিসোর্সগুলো নীচে তালিকাভুক্ত করা হয়েছে।

| রিসোর্স | মন্তব্যসমূহ |
|---|---|
| শিক্ষার্থী নির্দেশিকা | • শিক্ষার্থীকে একই সঙ্গে প্রশিক্ষণ থেকে এবং অন্য কোথাও শেখার অনুমতি দেয়।<br>• শিক্ষার্থীরা যেকোনো সময় ম্যানুয়ালটি দেখতে পারে। |
| বিলিপত্র | • হজবোধ্য রাখুন।<br>• আরও তথ্যের প্রয়োজন হলে রেফারেন্স ব্যবহার করুন।<br>• উপযুক্ত হলে লেখার সঙ্গে ছবি ব্যবহার করুন।<br>• সিদ্ধান্ত নিন কখন এগুলো বিতরণ করবেন। এটা কি আপনার প্রশিক্ষণে বিঘ্ন ঘটাবে? |
| ব্ল্যাকবোর্ড বা হোয়াইটবোর্ড | • ভাল হয় যদি ক্লাসের সবাই দেখতে পারে।<br>• আপনার লেখা বড় এবং পরিষ্কার হতে হবে।<br>• বিভিন্ন রং ব্যবহার করুন (লাল=বিপদ, সবুজ=নিরাপদ, নীল=নির্দেশিকা )। |
| ছবি বা অংকন | • এক ধরনের সেরা প্রশিক্ষণ এইড।<br>• যা শেখানো হয়েছে তা শিক্ষার্থীরা খুব দ্রুত বুঝতে পারে।<br>• ভাষাগত কোন বাধা নেই।<br>• বালিতে একটি মৌলিক অঙ্কন তৈরি করা খুব দ্রুত হতে পারে। |
| ফ্লিপ চার্ট | • সেশনের আগেই অনেক গুলো কাগজ লিখে তৈরি রাখুন এবং প্রয়োজন অনুযায়ী প্রদর্শন করুন।<br>• আপনার লেখা বড় এবং পরিষ্কার হওয়া উচিত।<br>• লিখার স্তর ঠিক রাখার জন্য পেন্সিল লাইন ব্যবহার করুন।<br>• কাজে সাহায্যের জন্য ছোট পেন্সিল নোট ব্যবহার করুন।<br>• কোন পয়েন্টে/বিষয়ে জোর দেওয়ার জন্য ভিন্ন রং ব্যবহার করুন। |
| কম্পিউটার প্রেজেন্টেশান পাওয়ার পয়েন্টTM | • প্রক্রিয়াটি সহজ রাখুন (কোন শব্দ ছাড়া মৌলিক অ্যানিমেশন ব্যবহার করুন) ।<br>• সহজভাবে যেন বোঝা যায় এমন ছবি এবং ভিডিও ব্যবহার করুন।<br>• শুধুমাত্র সংক্ষিপ্ত বাক্য ব্যবহার করুন।<br>• সবাই যেন দেখতে পারে এমন একটি উপযুক্ত আকারের টেক্সটের ব্যবহার নিশ্চিত করুন।<br>• সমস্ত স্লাইডের জন্য একটি মৌলিক/সহজ টেম্পলেট ব্যবহার করুন।<br>• সবসময় একটি বিকল্প ভিসুয়াল এইড অথবা পরিকল্পনা রাখুন।<br>• সম্ভব হলে রিমোট কন্ট্রোল ব্যবহার করুন। |

| রিসোর্স | মন্তব্যসমূহ |
|---|---|
| ভিডিও এবং অডিও | • আপনার প্রশিক্ষণ শুরু করার আগে অডিও বা ভিডিও সরঞ্জাম সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করুন।<br>• সকল শিক্ষার্থী যেন স্ক্রিন দেখতে পারেন তা নিশ্চিত করুন। |
| সাজসরঞ্জাম এবং মডেলসমূহ | • শিক্ষার্থীদের তাদের শেখার বিষয় সম্পর্কে চিন্তা করানো ভাল।<br>• প্রদর্শন বা ব্যাখ্যা করতে ব্যবহার করা যেতে পারে। |
| ক্লাস ভোটিং সিস্টেমসমূহ | • এটি সাধারণত কম্পিউটারাইজড সিস্টেম সমূহের মাধ্যমে ফোনের ডিজিটাল ট্রান্সমিটার প্রযুক্তি ব্যবহার করে শিক্ষার্থীদের ফোনের দ্বারা শ্রেণীকক্ষের সামনের পর্দায় প্রদর্শিত একটি লাইভ ওয়েবপেইজে প্রবেশের মাধ্যমে অবিলম্বে তথ্য পাঠাতে অনুমতি দেয়।<br>• পর্যবেক্ষণ বা শেখার মূল্যায়নের জন্য ব্যবহার করা যেতে পারে।<br>• শিক্ষার্থীদের কাছ থেকে দ্রুত প্রতিক্রিয়া পেতে একটি ইন্টারেক্টিভ (পারস্পরিক যোগাযোগের) উপায় বেছে নিতে হবে।<br>• শিক্ষার্থীরা কোন বিবৃতিতে সম্মত / অসম্মত হয়েছে কিনা তা জিজ্ঞাসা করার মাধ্যমে তাদেরকে আলোচনায় উৎসাহিত করার ক্ষেত্রে এটি ব্যবহার করা যেতে পারে।<br>• সেট আপ করা যেতে পারে যাতে তারা বেনামী হয়, ফলে শিক্ষার্থীরা তাদের সহকর্মীদের সামনে সঠিক / প্রত্যাশিত উত্তর দিতে চাপ অনুভব না করে<br>• যদি ডিজিটাল সিস্টেমের ব্যবহার সহজলভ্য না হয় তবে পোস্ট-নোটগুলো (ছোট কাগজে লেখা নোট ) হোয়াইটবোর্ডে বা ফ্লিপ চার্ট ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের মতামত জানাতে পারে। |
| ডিজিটাল শিক্ষা | • শিক্ষার্থীদের জন্য একটি আধুনিক উপায়ে কোর্স পূর্ব শিক্ষার ব্যবস্থা।<br>• কোর্সটি শুরু হওয়ার আগে প্রশিক্ষকে শিক্ষার্থীদের জ্ঞানের মাত্রা সম্পর্কে ধারণা দিতে এটি একটি কোর্স পূর্ব মূল্যায়ন হিসাবে ব্যবহার করা যেতে পারে।<br>• যারা এই কোর্সে অংশ গ্রহণ করছে তাদের সবার প্রতিষ্ঠানে বিভিন্ন পটভূমি / দায়িত্ব থাকা সত্ত্বেও একই লেভেলের জ্ঞান রয়েছে তা শিক্ষার্থীদের নিশ্চিত করার একটি উপায়। |
| ব্যবস্থাপনা সিস্টেম/ পদ্ধতিসমূহ শেখা | • এটি বিভিন্ন প্রতিষ্ঠানের শেখাসমুহ এবং কোর্স উপস্থিতি মনিটর এবং রেকর্ড করার ক্ষেত্রে বহুলভাবে ব্যবহৃত হয়।<br>• কখন শেখার চাহিদাসমূহ স্থাপন করা হবে তা সনাক্ত করতে এবং প্রয়োজনে কোন বিশেষ বিষয়ের উপর গুরুত্বের ভিত্তিতে পুনরায় পরিদর্শনের সময়কাল নির্দিষ্ট করতে ব্যবহার করা যেতে পারে।<br>• দূরবর্তী/রিমোট প্রশিক্ষণের সেশনসমূহ প্রদান করতে ব্যবহার করা যেতে পারে।<br>• বিভিন্ন ফোরাম সেট আপ করতে ব্যবহার করা যেতে পারে যেন বিভিন্ন গ্রুপ/দল একসঙ্গে কাজ করতে সক্ষম হয়। |




শেখার ফলাফলসমূহ

৭.১ মূল্যায়ন কি তা জানতে পারা।

৭.২ মূল্যায়নের বিভিন্ন পদ্ধতিসমূহ বুঝতে পারা।

৭.৩ কখন শিক্ষার্থীদের মূল্যায়ন করা উচিত তা বুঝতে পারা।

৭.৪ একটি কার্যকর মূল্যায়নের পরিকল্পনা  করতে সক্ষম হওয়া।

৭.৫ একটি কার্যকর মূল্যায়ন পরিচালনা করতে সক্ষম হওয়া।

৭.৬ যাচাইকরণ কি তা বুঝতে পারা।

## ৭.১ মূল্যায়ন কি ?

মূল্যায়ন হচ্ছে শেখানো নিশ্চিত করার একটি প্রক্রিয়া। শিক্ষার্থীরা কি প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব প্রদর্শন করতে সক্ষম? যেকোনো মূল্যায়ন প্রশিক্ষণকালীন একটি চলমান প্রক্রিয়া হতে পারে অথবা প্রশিক্ষণ শেষে এটি করা যেতে পারে।

### দক্ষতা-ভিত্তিক মূল্যায়ন

অধিকাংশ কর্ম ভিত্তিক প্রশিক্ষণ নির্ভর করে যোগ্যতা ভিত্তিক মূল্যায়নের উপর। মূল্যায়নকারী মূল্যায়নের মানদণ্ড (প্রশিক্ষক / মূল্যায়নকারীর হ্যান্ডবুকে দেয়া আছে) ব্যবহার করে যা প্রাসঙ্গিক ম্যানুয়ালগুলোতে প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে পরিমাপ করা হয়।

আপনি শিক্ষার্থীদেরকে কি করতে বলবেন তা মূল্যায়ন মানদণ্ডে বর্ণনা করা হয়। মূল্যায়ন নির্দেশিকাসমূহ প্রাসঙ্গিক মোকাবেলা ম্যানুয়াল দ্বারা নির্ধারিত হয়।

উদাহরণস্বরূপ:

| মূল্যায়ন | |
|---|---|
| মানদণ্ড (মূল্যায়ন তালিকা) | একটি ওয়েড রেসকিউ প্রদর্শন। |
| নির্দেশিকা (ম্যানুয়াল) | লাইফগার্ড কি :<br>• আহত ব্যক্তির মনোযোগ আকৃষ্টের চেষ্টা করুন?<br>• সাবধানে পানিতে নামবেন ?<br>• পানির গভীরতা পরীক্ষা করার জন্য এবং হতাহতদের আটকে/ধরে রাখার জন্য একটি লাঠি বা পোল সঙ্গে রাখুন?<br>• লাঠির একপ্রান্ত আহত ব্যক্তিকে ধরে রাখার জন্য ছুঁড়ে দিন?<br>• আহত ব্যক্তিকে পানি থেকে তুলে আনতে সাহায্য করুন? |
| লিখিত বা পোর্টফোলিও মূল্যায়ন | কিছু কাজ ভিত্তিক শিক্ষা এবং মূল্যায়ন শিক্ষার্থী দ্বারা পরিচালিত হয় তাদের লিখিত রিপোর্ট বা কাজের পোর্টফোলিও জমা দেয়ার মাধ্যমে (সাক্ষীর বিবৃতি, প্রতিফলিত প্রতিবেদন, কাজের ফলাফল ইত্যাদি)। মূল্যায়নের ডিজাইনার একটি চিহ্নিতকরণ পদ্ধতি প্রকল্পে অন্তর্ভুক্ত করা উচিত যাতে প্রশিক্ষক / মুলায়নকারী একটি সম্মত এবং মানসম্মত মান চিহ্নিত করতে পারে। |

### মূল্যায়নের পদ্ধতিসমূহ

সাধারণত ব্যবহারিক মোকাবেলাসমূহ নিম্নলিখিত পদ্ধতিতে মূল্যায়ন করা উচিত:

- অবস্থা: ১-২-১ প্রশ্নবিদ্ধ করা
- ব্যাখ্যা করুন: ১-২-১ আলোচনা করা
- প্রদর্শন : পর্যবেক্ষণ দ্বারা

## ৭.২ মূল্যায়ন পদ্ধতিসমূহ

প্রশিক্ষক / মূল্যায়নকারী বিভিন্ন পদ্ধতি ব্যবহার করতে পারে এটি নিশ্চিত করার জন্য যেন শিক্ষার্থী মূল্যায়নের মানদণ্ড পূরণ করতে সক্ষম হয়েছে এবং যোগ্য হিসাবে বিবেচিত হয়েছে।

| মূল্যায়ন পদ্ধতি | বিবরণ | উদাহরণসমূহ |
|---|---|---|
| পর্যবেক্ষণ | শিক্ষার্থীদের মূল্যায়নের মানদণ্ড সম্পর্কিত কাজ সম্পাদনের সময় তাদেরকে পর্যবেক্ষণ করুন। | শিক্ষার্থীকে পানিতে থাকা একজন বিপদগ্রস্ত ব্যক্তিকে উদ্ধারের জন্য একটি নাগাল রেসকিউ প্রদর্শনের সময় পর্যবেক্ষন করুন।<br>তারা নির্দেশাবলী অনুযায়ী সম্পন্ন করতে সক্ষম যা ম্যানুয়ালে উল্লেখ রয়েছে। |
| মৌখিক পরীক্ষা / প্রশ্ন করা | শিক্ষার্থীদের মূল্যায়নের মানের সঙ্গে সম্পর্কযুক্ত প্রশ্ন জিজ্ঞাসা করুন। | শিক্ষার্থীকে রেসকিউয়ের ধাপটি জানাতে বলুন।<br>তারা কি ম্যানুয়াল নির্দেশিত সঠিক ধাপগুলো জানাতে পেরেছে? |
| দৃশ্যকল্প বা সিমুলেশন | প্রকৃত পরিস্থিতি অনুকরণ করে একটি পরিস্থিতি তৈরি করা হবে যেখানে শিক্ষার্থী বা দলকে অবশ্যই মোকাবিলা করতে হবে। | মূল্যায়নকারী সমুদ্র সৈকতে একটি প্রাথমিক চিকিৎসার দৃশ্যকল্প তৈরি করে। এই দৃশ্যপটটি ভাঙ্গা পায়ে আক্রান্ত একজন ব্যক্তিকে নিয়ে।<br>শিক্ষার্থীদের পরিস্থিতিটি মোকাবেলা করতে হবে।<br>স্টুডেন্ট ম্যানুয়াল অনুযায়ী মূল্যায়ন মানদণ্ডের উপর ভিত্তি করে ছাত্রটি তার কর্মক্ষমতা অর্জন করতে পেরেছে কিনা তা মূল্যায়নকারী সহজে সনাক্ত করতে পারেন। |
| পোর্টফলিও | শিক্ষার্থীরা মূল্যায়ন মানের বিভিন্ন ধরনের প্রমাণ উপস্থাপন করে। | শিক্ষার্থীরা তাদের কমিউনিটির মধ্যে একটি ঝুঁকি মূল্যায়ন সম্পন্ন করে তা উপস্থাপন করে।<br>ঝুঁকি মূল্যায়ন কি সঠিক মান অনুযায়ী পালন করা হয়েছে যা বিস্তারিতভাবে শিক্ষার্থী ম্যানুয়ালে দেয়া আছে? |
| লিখিত পরীক্ষা | বিভিন্ন ধরনের প্রশ্ন করার পদ্ধতি ব্যবহার করুন যেমন একাধিক পছন্দ বা সংক্ষিপ্ত উত্তর দেয়ার প্রশ্ন। | একজন প্রশিক্ষক / মূল্যায়নকারী একাধিক-পছন্দের প্রশ্নপত্র তৈরি করেন এবং শিক্ষার্থীদের উত্তর দেওয়ার জন্য উপযুক্ত সময় দেন।<br>তারপর উত্তরগুলো মূল্যায়নকারী দ্বারা চিহ্নিত করা হয়।<br>কোর্সের পূর্বে একটি উপযুক্ত পাস নম্বরে সবাইকে সম্মত হতে হবে। |

## ৭.৩ কখন মূল্যায়ন করা উচিত

**প্রশিক্ষণ চলাকালীন বিভিন্ন সময়ে শিক্ষার্থীর মূল্যায়ন করা যেতে পারে যা সঠিক শিক্ষা পাওয়াটা নিশ্চিত করে।**

| মূল্যায়ন | বিবরণ | উদাহরণসমূহ |
|---|---|---|
| প্রশিক্ষণ-পূর্ব মূল্যায়ন | কোন প্রশিক্ষণ সম্পন্ন করার পূর্বে শিক্ষার্থীরা কি করতে পারে তা পরীক্ষা করা উচিত।<br>এটি কোর্সের ক্ষেত্রে কোন পূর্ব-শর্ত পরীক্ষা করতে ব্যবহার করা যেতে পারে। | একজন প্রশিক্ষক / মূল্যায়নকারী শিক্ষার্থীদেরকে লাইফগার্ড কোর্সের পূর্বে প্রশিক্ষণ পূর্ব সাঁতারের মূল্যায়ন করে থাকে।<br>শিক্ষার্থী যে নিরাপদে পানি ভিত্তিক উপাদানের কোর্সগুলো পরিচালনা করতে পারে তা নিশ্চিত করে। |
| একটানা মূল্যায়ন | এটি আর এন এল আই/ RNLI দ্বারা ব্যবহৃত একটি পছন্দের মূল্যায়ন পদ্ধতি।<br>এটি শিক্ষার্থীদেরকে ক্রমাগত প্রতিক্রিয়া জানানোর অনুমতি দেয় (কখনও কখনও এটিকে গঠনমূলক মূল্যায়ন বলা হয়) ।<br>শেখার প্রক্রিয়ার পুরোটা সময় জুড়ে শিক্ষার্থীর মূল্যায়নের মাধ্যমে প্রতিক্রিয়া এবং মতামত জানানো হয় যতক্ষণ না পর্যন্ত কাজের দায়িত্বটির মূল্যায়ন মান অর্জিত হয়। | প্রশিক্ষক/মূল্যায়নকারী একটি ফার্স্ট এইড/প্রাথমিক চিকিৎসার কোর্সের সময় প্রচুর প্রশ্ন এবং আলোচনা করেন যেন সঠিক শিক্ষা নিশ্চিত করতে পারেন।<br>বিভিন্ন আঘাতের সাথে সম্পর্কিত অনেক পরিস্থিতির দৃশ্যকল্প এতে অন্তর্ভুক্ত করা হয় এবং সমস্ত শিক্ষার্থীদের তাতে অংশ নেয়ার সুযোগ রয়েছে।<br>তাদের উন্নতির জন্য মতামত এবং প্রতিক্রিয়া জানানো হয়।<br>কোর্সের শেষে প্রশিক্ষক/মূল্যায়নকারী এটি নিশ্চিত করেন যে শিক্ষার্থীরা মূল্যায়নের মানদন্ড করতে সক্ষম। |
| কোর্সের শেষে মূল্যায়ন | সাধারণত প্রশিক্ষণের শেষে এটি করা হয় (কখনও কখনও এটিকে সমষ্টিগত মূল্যায়ন বলা হয়) ।<br>প্রশিক্ষক/মূল্যায়নকারী মূল্যায়নের মান এবং মানদণ্ড ব্যবহার করে প্রশ্নের সিরিজ, ব্যবহারিক পরীক্ষা এবং দৃশ্যকল্প প্রদান করে।<br>এরপর তারা প্রতিক্রিয়া এবং মতামত প্রদান করেন এবং শিক্ষার্থী সক্ষম কিনা বা এখনও সক্ষম নয় তার ইঙ্গিত দেন।<br>যদি শিক্ষার্থী এখনো সক্ষম না হয় তবে প্রশিক্ষক / মূল্যায়নকারী কোন নির্দিষ্ট উপায়ে তার উন্নতি করার জন্য একমত হবেন। | লাইফগার্ড কোর্সের শেষে বর্তমান প্রশিক্ষক / মূল্যায়নকারী কোর্সের শেষ মূল্যায়নটি করার জন্য আরেকজন প্রশিক্ষক /মূল্যায়নকারীকে আমন্ত্রণ জানাবেন।<br>প্রশিক্ষক /মূল্যায়নকারী প্রশ্নের সিরিজ, ব্যবহারিক পরীক্ষা এবং লাইফগার্ড প্রশিক্ষক / মূল্যায়নকারী রিসোর্স প্যাক ব্যবহার করে পরিস্থিতির উপর দৃশ্যকল্পসমূহ  প্রদান করেন।<br>মূল্যায়ন শেষে, প্রতিক্রিয়া এবং মতামত প্রদান করা হয় এবং শিক্ষার্থীকে জানানো হয় যে তারা এখন একজন যোগ্য লাইফগার্ড হিসেবে প্রস্তুত অথবা তাদের আরও উন্নয়নের প্রয়োজন রয়েছে। |
| ডায়গনিস্টিক মূল্যায়ন | এটি একটি নির্দিষ্ট মূল্যায়ন যা শিক্ষার্থীর আর কোন ধরনের প্রশিক্ষণের প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করতে সাহায্য করে । | একটি লাইফগার্ড কোর্সের সময় একজন নির্দিষ্ট শিক্ষার্থীর সাঁতার কাটতে অসুবিধা হচ্ছে।<br>প্রশিক্ষক / মূল্যায়নকারী শিক্ষার্থীর স্ট্রোকের কৌশলগুলো দেখার জন্য একটি ডায়গনিস্টিক মূল্যায়ন পরিচালনা করার সিদ্ধান্ত নেয়।<br>-তিনি শিক্ষার্থীর উন্নতিতে সাহায্য করার জন্য মতামত এবং প্রতিক্রিয়া দেন। |

## ৭.৪ মূল্যায়নের পরিকল্পনা

যেকোন মূল্যায়নের জন্য আগে থেকে পরিকল্পনা করা উচিত এবং এটি অবশ্যই কোর্স পরিকল্পনার অংশ হিসেবে কোর্সে থাকতে হবে। কোর্সের শুরুতে শিক্ষার্থীকে কিভাবে মূল্যায়ন করা হবে সে বিষয়ে তাদেরকে সচেতন করতে হবে।

একটি মূল্যায়ন পরিকল্পনার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনা করা গুরুত্বপূর্ণ।

- কতজন শিক্ষার্থীর মূল্যায়ন করা হবে?
- মূল্যায়নকারীর মূল্যায়ন অনুপাত অনুযায়ী কতজন শিক্ষার্থীর প্রয়োজন রয়েছে?
- কতজন মূল্যায়নকারীর প্রয়োজন রয়েছে?
- কোন প্রশ্নপত্র, ব্যবহারিক পরীক্ষা, দৃশ্যকল্পের জন্য কি ধরনের রিসোর্সের প্রয়োজন হবে?
- কোন আহত ব্যক্তির প্রয়োজন আছে কি? যদি প্রয়োজন থাকে, তবে কতজন লাগবে?
- মূল্যায়নের জায়গাটির ঝুঁকি মূল্যায়ন করেছেন কি?
- আপনি কি আবহাওয়ার পূর্বাভাস এবং জোয়ারের সময়সূচী সম্পর্কে খোঁজ নিয়েছেন?
- কোন জরুরী অবস্থার পরিকল্পনা আছে কি?
- মূল্যায়নের দিন যদি আপনি অসুস্থ থাকেন তবে আপনার অনুপস্থিতিতে অন্য কেউ কি আছে যে মূল্যায়নের কাজটি চালিয়ে নিতে পারবে?

মূল্যায়ন পরিচালনা করার সময় নিশ্চিত হতে হবে যেন এটি বৈধ, নির্ভরযোগ্য, নমনীয়/ সহনশীল, ন্যায্য এবং নিরাপদ হয়।

মূল্যায়নের সময় এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে, মূল্যায়নকারী সবসময় দক্ষতা নির্ধারনের তালিকা অনুযায়ী শিক্ষার্থীর কোর্স গ্রহণের সময় তার দক্ষতার লক্ষণগুলো খুঁজবেন।

যদি কোন শিক্ষার্থী মূল্যায়নের পর ‘পাস’ না করে তবে এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যেন তা ব্যর্থতা হিসাবে উপস্থাপন না করা হয়। একটি যোগ্যতা ভিত্তিক সিস্টেমের মধ্যে শিক্ষার্থী ‘এখনো উপযুক্ত নয়’ বলে গণ্য করা হয়।

সঠিক পরিভাষা ব্যবহারের গুরুত্ব কোনভাবে অবমূল্যায়ন করা যাবে না। শিক্ষার্থীকে বোঝানো উচিত যে তারা প্রদত্ত বিষয়টিতে ‘এখনো তৈরি না’ তবে ‘এখনো তৈরি না’ এই ফলাফলের উপর আরোও প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে পরবর্তীতে ‘পাস’ অথবা ‘যোগ্যতা’ অর্জন করতে পারবে ।

| মূল্যায়নে যা হওয়া উচিত: | বিবরণ |
|---|---|
| বৈধ | • নিশ্চিত করুন যেন মূল্যায়নটি শুধুমাত্র নির্দিষ্ট যোগ্যতা এবং দক্ষতার উপর যথাযথ গুরুত্ব দেয়। |
| বিশ্বাসযোগ্য | • এটি নিশ্চিত করুন যেন মূল্যায়ন নির্দেশিকাটি সমকালীন হয় এবং তা ঠিকভাবে অনুসরণ করা হয় ।<br>• মূল্যায়নটি কি সকল শিক্ষার্থী এবং কোর্স এবং বিভিন্ন প্রশিক্ষক / পরামর্শদাতাদের (যাচাইকরণ) মধ্যে সামঞ্জস্যপূর্ণ / সঙ্গতপূর্ণ হয়েছে? |
| নমনীয়/সহনশীল | • মূল্যায়নটি যেন কঠোর না হয় তা নিশ্চিত করুন।<br>• এটি নিশ্চিত করতে হবে যেন আবহাওয়ার পরিবর্তন, জোয়ারের সময়, বা অন্যান্য প্রভাব ফেলার মত বিষয়গুলো বিবেচনায় রাখা হয়। |
| ন্যায্য | • এটি নিশ্চিত করতে হবে যেন শিক্ষার্থীটি বুঝতে পারে কি প্রত্যাশা করা হয়েছে এবং মূল্যায়ন প্রক্রিয়াটি কিভাবে সম্পন্ন করতে হবে।<br>• সব শিক্ষার্থীদের সঙ্গে সমানভাবে আচরণ করুন।<br>• কর্মক্ষমতা বিচার করার জন্য একটি নির্দেশিকা থাকতে হবে যা মূল্যায়ন গ্রহণকারীদের কাছে স্পষ্ট হতে হবে।<br>• পর্যালোচনার জন্য সুযোগ প্রদান করুন।<br>• প্রাসঙ্গিক জীবনরক্ষাকারী সমিতির মাধ্যমে যেকোনো মূল্যায়ন সিদ্ধান্তের পুনঃআবেদন/বিবেচনা করার সুযোগ প্রদান করুন। |
| নিরাপদ | • মূল্যায়ন এবং ক্রিয়াকলাপের এলাকাটির যেন ঝুঁকি মূল্যায়ন করা হয় তা নিশ্চিত করুন।<br>• সেখানে যেন উপযুক্ত নিরাপত্তা এবং জরুরী ব্যবস্থা থাকে তা নিশ্চিত করুন |

মূল্যায়নের ফলাফলসমূহ

শিক্ষার্থী মূল্যায়নের সময় যদি কোন বিপজ্জনক বা নিরাপত্তাহানিকর পদক্ষেপ গ্রহণ করে, তবে মূল্যায়ন প্রক্রিয়া তাৎক্ষনিকভাবে বন্ধ করতে হবে এবং মূল্যায়নকারীকে নিশ্চিত করাতে হবে যেন প্রার্থীটি তার কাজের নিরাপত্তার দিকগুলো সম্পর্কে সচেতন হয়। শিক্ষার্থীকে প্রশিক্ষকের উপস্থিতিতে এই মতামত এবং প্রতিক্রিয়া জানানোর প্রয়োজন হতে পারে কারন প্রাথমিকভাবে কিভাবে দক্ষতা / কর্মকাণ্ডটি শেখানো হয়েছিল তার উপর ভিত্তি করে তিনি অতিরিক্ত প্রশিক্ষণ বা তথ্য প্রদান করতে সক্ষম হবেন।

নীচের টেবিলটি একটি মূল্যায়নের সম্ভাব্য ফলাফল এবং প্রশিক্ষক / মূল্যায়নকারীর কি ধরনের পদক্ষেপ নেওয়া উচিত তা প্রদর্শন করে।

| ফলাফল | ব্যাখ্যা করা | কার্যকলাপ |
|---|---|---|
| চমৎকারভাবে পাস/ উত্তীর্ণ | কোন প্রকার সংশোধন বা মতামতের প্রয়োজনীয়তা ছাড়া শিক্ষার্থী সবগুলো মূল্যায়ন মানদণ্ড প্রদর্শন করেছে । | শিক্ষার্থীর প্রশংসা করুন এবং প্রয়োজনীয় ফর্ম পূরণ করুন। |
| ভালভাবে পাস/উত্তীর্ণ | শিক্ষার্থী কিছু সংখ্যক ছোটখাট সংশোধনের প্রয়োজনীয়তার সঙ্গে সবগুলো মূল্যায়ন মানদণ্ড প্রদর্শন করেছে। | শিক্ষার্থীর প্রশংসা করুন এবং যদি কোন ফর্ম পূরণের প্রয়োজন হয় তা সম্পন্ন করুন। এটি নিশ্চিত করুন যেন শিক্ষার্থী জানতে পারে তার কোণ বিষয়ে উন্নতির প্রয়োজন হতে পারে। |
| সন্তোষজনক পাস | মূল্যায়নের সময় শিক্ষার্থীকে ২ বা তার বেশি মূল্যায়ন মানদণ্ডের পুনরাবৃত্তি করতে হয়েছে। | মূল্যায়নকারী যে বিষয়গুলো উন্নতি করতে হবে সেগুলোকে উল্লেখ করে প্রাধান্য দিবে, শিক্ষার্থীদের অনুশীলনের সুযোগ প্রদান করবে, এরপর একই মূল্যায়নের সময় তাদের পুনঃ মূল্যায়ন করা হবে। |
| এখনো যোগ্য নয় | শিক্ষার্থী মূল্যায়ন মানদণ্ডের নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় অনেকগুলো কার্জক্রম সম্পাদন করতে সক্ষম হয়নি। | এমন ক্ষেত্রগুলো যেখানে শিক্ষার্থীকে আরও উন্নতি করার প্রয়োজন রয়েছে সেগুলো মূল্যায়নকারী শিক্ষার্থীর কাছে তুলে ধরবেন (একটি কর্ম পরিকল্পনা) এবং ভবিষ্যতে পুনঃ মূল্যায়নের একটি তারিখ ঠিক করেন। |

## ৭.৫ মূল্যায়ন পরিচালনা

মূল্যায়নের সময় একটি যৌক্তিক ফরমেট অনুসরণ করা আবশ্যক। একটি উপযুক্ত ফরমেটের বিন্যাস নীচে দেখানো হয়েছে।

কখনও কখনও কোর্স প্রশিক্ষক নিজেই মুলায়নকারী হতে পারে। কখনও কখনও মুলায়নকারী একটি ভিন্ন এলাকা অথবা দলের হতে পারে।

**মূল্যায়ন প্রক্রিয়া যেন ঘটতে পারে তা নিশ্চিত করুন**

সব শিক্ষার্থীরা কি মূল্যায়নের জন্য প্রস্তুত? মূল্যায়নের স্থানটির কি ঝুঁকি মূল্যায়ন করা হয়েছে? আবহাওয়া এবং জোয়ারের পরিস্থিতি কি অনুকূল?

**শিক্ষার্থীদের কাছে পরিচয় দেয়া**

মূল্যায়নকারী একটি বন্ধুত্বপূর্ণ পদ্ধতিতে নিজেকে উপস্থাপন করা উচিত যেন শিক্ষার্থীরা সহজ হতে পারে। মূল্যায়ন পরিকল্পনাটি শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট করা উচিত এবং এতে যা অন্তর্ভুক্ত হওয়া উচিত:

- কতক্ষণ সময় নিয়ে মূল্যায়নটি করা হবে; কি ফরমেটে মূল্যায়নটি করা হবে
- কি ধরনের নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে
- শিক্ষার্থীদের কোন প্রশ্ন আছে কিনা তা জিজ্ঞাসা করুন।

**মূল্যায়ন**

মূল্যায়নকারী প্রশিক্ষক / মূল্যায়নকারী রিসোর্স প্যাকে থাকা মূল্যায়ন শীট ব্যবহার করে মূল্যায়নটি সম্পন্ন করবেন। মূল্যায়নকারী প্রত্যাশাগুলো সম্পর্কে শিক্ষার্থীদের একটি স্পষ্ট সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করবেন। মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী কর্মদক্ষতা বিচার করা উচিত এবং প্রক্রিয়াটি সাবধানে করা উচিত যেন মূল্যায়নের পর একটি সম্মত সিদ্ধান্তে আসা যায়।

**মূল্যায়ন সিদ্ধান্ত, মতামত/ পুনঃমূল্যায়ন**

মূল্যায়নকারী প্রতিটি শিক্ষার্থীকে পৃথকভাবে মন্তব্য এবং প্রতিক্রিয়া জানাবেন এবং শিক্ষার্থীরা যদি সক্ষম হন অথবা এখনো সক্ষম না হন তবে সে সম্পর্কে ধারনা দিবেন। যদি কোনও শিক্ষার্থী এখনো উত্তীর্ণ হতে না পারে তবে পরবর্তীতে তার কি করনীয় সে সম্পর্কে শিক্ষার্থীকে তথ্য প্রদান করা উচিত। দক্ষতা বা কাজের মূল্যায়নের উপর ভিত্তি করে ব্যক্তিটির পুনরায় সম্পূর্ণ মূল্যায়নের প্রয়োজন নাও হতে পারে, শুধুমাত্র অংশবিশেষ যা তারা সঠিকভাবে সম্পন্ন করতে সক্ষম হয়নি।

**প্রশিক্ষকের মন্তব্য এবং প্রতিক্রিয়া**

মূল্যায়নকারী প্রশিক্ষকে শিক্ষার্থীদের কর্মক্ষমতা সম্পর্কে মন্তব্য এবং প্রতিক্রিয়া জানাবেন । প্রশিক্ষণে যেকোন পরিবর্তন আনার জন্য এ সম্পর্কে একটি আলোচনার ব্যবস্থা করা উচিত।

**মূল্যায়ন রেকর্ড**

মূল্যায়নের ফলাফল প্রাসঙ্গিক কাগজপত্রে বা ডাটাবেসে রেকর্ড করা উচিত।

**মূল্যায়ন পর্যালোচনা**

মূল্যায়নটি কেমন হয়েছে তা মূল্যায়নকারীর পর্যালোচনা করা উচিত - নিজেকে, শিক্ষার্থীদের এবং প্রশিক্ষককে প্রশ্ন করুন। যেকোন পরিবর্তন পরবর্তী মূল্যায়নের সময় করা উচিত।

## ৭.৬ যাচাইকরণ

যাচাইকরণ সকল প্রশিক্ষক / মুলায়নকারী সম্পর্কে নিশ্চিত করে যে:

- সঠিক ম্যাটেরিয়াল সঠিক উপায়ে শেখানো হচ্ছে
- মূল্যায়ন মানদণ্ডের কাঠামো অনুযায়ী মূল্যায়নটি নিরপেক্ষভাবে এবং সঠিকভাবে করা হচ্ছে।

যেকোনো কার্যকরী যাচাইকরণ পদ্ধতিতে আপনাকে মতামত এবং প্রতিক্রিয়া প্রদান করবে যা আপনাকে একজন দক্ষ প্রশিক্ষক / মূল্যায়নকারী হিসেবে বিকাশে সহায়তা করবে।

কে যাচাই করবে?

একজন যাচাইকারী আপনার প্রতিষ্ঠানের মধ্যে থেকে একজন অভিজ্ঞ প্রশিক্ষক/ মূল্যায়নকারী হতে হবে অথবা সেই সংস্থাগুলো থেকে যারা আপনার প্রশিক্ষণের রিসোর্সসমূহ অথবা পুরষ্কার / এওয়ার্ড প্রদান করে থাকে।

কিভাবে যাচাই করা উচিত?

কিভাবে কোন সংস্থার মধ্যে যাচাইকরণ পরিচালিত হয় তা সাধারণত প্রশিক্ষণ প্রশাসন দ্বারা নির্দেশিত হয়। এই প্রশাসন গঠিত হয় সাংগঠনিক নেতা, অভিজ্ঞ প্রশিক্ষক / পরামর্শদাতা / মূল্যায়নকারী এবং জাতীয় / আন্তর্জাতিক সংস্থাগুলোর দ্বারা (সেকশন ৯.১ দেখুন)।

যাচাই সাধারণত নিম্নলিখিত একটি বা উভয় ক্রিয়াকলাপ দ্বারা অর্জন করা যেতে পারে:

- প্রশিক্ষক / মূল্যায়নকারীর পরিচিতিকরন মিটিংসমূহ
- একজন যাচাইকারী প্রতিষ্ঠানের মধ্যে থাকা একজন সংগঠক যিনি রিসোর্সসমূহ ও অনুশীলনের মানদণ্ড নিশ্চিত করতে সকল প্রশিক্ষক / মূল্যায়নকারীদের সঙ্গে একটি সভা/ মিটিং করেন।
- একজন যাচাইকারী সংস্থার কিছু বা সমস্ত প্রশিক্ষক / মূল্যায়নকারীদের পরিদর্শন করেন।

যাচাইকারী নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করেন:

যাচাইকারী একজন প্রশিক্ষক / মূল্যায়নকারীকে কোর্সটি চলাকালীন একটি সম্মত সময়ে পরিদর্শন করেন

↓

যাচাইকারী কোর্স ডকুমেন্টেশন পর্যবেক্ষণ করেন: কোর্স পরিকল্পনাসমূহ , সেশন পরিকল্পনাসমূহ , শিক্ষার্থী ম্যানুয়াল, ঝুঁকি মূল্যায়ন

↓

যাচাইকারী একটি শেখার অধিবেশন / সেশন পর্যবেক্ষণ করেন

↓

যাচাইকারী একটি মূল্যায়ন পর্যবেক্ষণ করেন

↓

উপরের সবগুলো বিষয়ে যাচাইকারী প্রশিক্ষক / মূল্যায়নকারীকে মতামত এবং প্রতিক্রিয়া জানায় এবং সাংগঠনিক নেতাদের কাছে সেই প্রতিবেদনগুলো তুলে ধরে।

যাচাইকারীরা নিজেদের মধ্যে নিয়মিত মানসম্মত আলোচনা সভা করার মাধ্যমে তাদের পেশাদারী দক্ষতা বজায় রাখা উচিত এবং ক্রমাগত পেশাদারী উন্নয়নে জড়িত হওয়া উচিত।

# ইউনিট ৮: প্রশিক্ষণ এবং মূল্যায়ন পর্যালোচনা



শেখার ফলাফলসমূহ

৮.১ প্রশিক্ষণ এবং মূল্যায়ন কিভাবে পর্যালোচনা করতে হয় তা বুঝতে পারা।

৮.২ পেশাদারী উন্নয়ন কি সে সম্পর্কে বুঝতে পারা।

## ৮.১ পর্যালোচনার পদ্ধতিসমূহ

একটি প্রশিক্ষণ কোর্স বা মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর আপনার নিজস্ব মতামতসহ এই কাজের সঙ্গে জড়িত সবার মতামত এবং দৃষ্টিভঙ্গি সংগ্রহ করা এবং সেগুলো বুঝতে পারাটা জরুরি। এই তথ্য সমূহের বিশ্লেষণ এবং এর উপর কাজ করাটা সম্ভাব্য সেরা প্রশিক্ষণ এবং মূল্যায়ন কার্যক্রম তৈরিতে সহায়তা করবে।

| পর্যালোচনার ধরন | কিভাবে মতামত এবং প্রতিক্রিয়া সংগ্রহ করতে হয় | মন্তব্যসমূহ |
|---|---|---|
| শিক্ষার্থীর পর্যালোচনা | মৌখিক।<br>• সংক্ষিপ্ত প্রশ্নোত্তর - কাগজ ভিত্তিক বা অনলাইন। উদাহরণস্বরূপ, Survey MonkeyTM এর জরিপ । | আপনি শিক্ষার্থীদের কি জিজ্ঞাসা করতে চান সেই প্রশ্নগুলো সম্পর্কে সাবধানে চিন্তা করুন কারণ সেগুলো আপনাকে কোর্সটির উন্নতি করতে সহায়তা করবে। সেগুলোকে সংক্ষিপ্ত রাখুন এবং যেখানে সম্ভব টিক বক্স অন্তর্ভুক্ত করুন।<br>শিক্ষার্থী রিসোর্স প্যাকে সাধারণত প্রশ্নগুলো একটি উপযুক্ত প্রশ্নাবলীর বিন্যাসে/ফরমেটে পাওয়া যাবে।<br>যদি শিক্ষার্থীদের এবং প্রশিক্ষক / মূল্যায়নকারীর কম্পিউটার ব্যবহারের সুযোগ থাকে তবে একটি অনলাইন জরিপের মাধ্যমে ফলাফলগুলি সেট আপ এবং বিশ্লেষণ করা সহজ হয়। |
| চিন্তাশীল (নিজ/স্ব) পর্যালোচনা | প্রশিক্ষক/মূল্যায়নকারী কোর্স এবং মূল্যায়নের ক্ষেত্রে কি ভাল হয়েছে এবং উন্নতি করার ক্ষেত্রে আর কি করা যেতে পারে তা সময় নিয়ে চিন্তা করেন। | আত্ম-মূল্যায়নের সময় যতটা সম্ভব সৎ হওয়া গুরুত্বপূর্ণ।<br>একটি সাধারণ/সার্বজনীন ফরমেট অনুসরণ করলে ভাল হয় যা স্টুডেন্ট রিসোর্স প্যাকে পাওয়া যায়। |
| অন্য প্রশিক্ষক / মূল্যায়নকারীর (সহকর্মী) পর্যালোচনা | প্রশিক্ষক / মূল্যায়নকারী অন্য প্রশিক্ষক / মূল্যায়নকারীকে তাদের প্রশিক্ষণ বা মূল্যায়ন পর্যালোচনা করার জন্য জিজ্ঞাসা করেন।<br>এটি একটি লিখিত বিবৃতি বা একটি আলোচনা যা পর্যালোচনার পর হতে পারে। | প্রশিক্ষক / মূল্যায়নকারী হিসাবে আপনার দক্ষতা উন্নত করার ক্ষেত্রে এটি একটি কার্যকরী উপায়। যে ব্যক্তিটির পর্যালোচনা করা হয় এবং সমালোচক উভয়ের বিকাশে এটি সহায়তা করে।<br>অন্যদের কিভাবে প্রশিক্ষণ এবং মূল্যায়ন করা হয় তা দেখাটা খুব উপকারী। |
| প্রশিক্ষক / মূল্যায়নকারীর মধ্যস্থতার সেশনসমূহ | বর্তমান মূল্যায়ন নির্দেশিকা এবং মানদণ্ড নিয়ে আলোচনা করার জন্য প্রশিক্ষক/ পরামর্শদাতাদের একটি দল একত্রিত হন। | এটি প্রশিক্ষক / পরামর্শদাতাদের একই ধরনের অন্যান্য পেশাজীবীদের সঙ্গে তাদের নিজস্ব মান বয়ে আনতে অনুমতি দেয়। এটি সাধারণ পন্থাসমূহ অনুসরণে উৎসাহিত করে। |

## ৮.২ পেশাদারী উন্নয়ন

একজন প্রশিক্ষক / মূল্যায়নকারীকে সর্বদা নতুন কিছু শেখার এবং উন্নয়নের সুযোগ সন্ধান করতে হবে। তাকে প্রশিক্ষণ এবং মূল্যায়নের ক্ষেত্রে সমকালীন নতুন ধারণা, প্রযুক্তি এবং ভাল অনুশীলনগুলো সম্পর্কে খোঁজ রাখতে হবে।

এতে অন্তর্ভুক্ত হতে পারে:

- বই, জার্নাল এবং কাগজপত্র পড়া
- অনলাইন রিসোর্সগুলো ব্যবহার করা
- একটি অনলাইন শেখার কোর্স সম্পন্ন করা
- কলেজ বা বিশ্ববিদ্যালয়ে শেখানো কোন একটি কোর্স সম্পন্ন করা
- সম্মেলন বা সেমিনারে যোগদান করা
- অন্যান্য প্রশিক্ষকবৃন্দ / মূল্যায়নকারী বা পেশাদারীদের সঙ্গে কোন সভা এবং আলোচনা প্রতিষ্ঠা করা।

# ইউনিট ৯: প্রশাসনের প্রশিক্ষণ



শেখার ফলাফলসমূহ

৯.১ প্রশাসনের প্রশিক্ষণ কি তা বুঝতে পারা।


৯.২ কিভাবে প্রশিক্ষণ রেকর্ডিং এবং মূল্যায়ন করতে হয় তা বুঝতে পারা।

## ৯.১ প্রশাসনের প্রশিক্ষণ

প্রশাসনের প্রশিক্ষণ হচ্ছে একটি মান এবং পদ্ধতির সেট যা প্রতিষ্ঠানের মধ্যে প্রশিক্ষণ এবং মূল্যায়ন কিভাবে করা উচিত তা বর্ণনা করে। প্রশাসনে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করা উচিত।

| প্রশাসনের উপকরণ | বিবরণ | উদাহরণসমূহ |
|---|---|---|
| সাংগঠনিক প্রশিক্ষণ কাঠামো | একটি সাংগঠনিক প্রশিক্ষণের বিভিন্ন উপাদানের দায়িত্বে কে থাকবে তা চিহ্নিত করে । | একজন প্রশিক্ষক/ মূল্যায়নকারীর যাচাইকারী একটি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ প্রদানের সামগ্রিক দায়িত্বে থাকে। তিনি প্রশিক্ষক / মূল্যায়নকারীদের পরামর্শ এবং প্রশিক্ষণ প্রদান করেন। |
| কর্মক্ষমতার মানদণ্ড মূল্যায়ন | একটি নির্দিষ্ট কাজের ভূমিকায় একজন শিক্ষার্থী তা প্রদর্শন করতে সক্ষম হবে।<br>এটি একজন শিক্ষার্থীকে পুনরায় কবে মূল্যায়ন করতে হবে তা উল্লেখ করে। | একজন বন্যা উদ্ধারকর্মীর ভূমিকায় একজন শিক্ষার্থী কি ধরনের দায়িত্ব পালন করতে সক্ষম হবে তা বন্যা উদ্ধার কর্মক্ষমতার মানদণ্ডে উল্লেখ থাকে। এটি একজন শিক্ষার্থীকে পুনরায় কবে মূল্যায়ন করতে হবে তারও উল্লেখ করে। |
| পর্যালোচনা | প্রতিষ্ঠানের প্রশিক্ষণ এবং মূল্যায়ন কার্যকলাপ পর্যালোচনা করার পদ্ধতি যেন যথাযথ এবং মান সম্মত হয় তা নিশ্চিত করে। | প্রশিক্ষক/ মুলায়নকারীর যাচাইকারী বন্যা রেসকিউ কোর্সের জন্য আরেকজন প্রশিক্ষক / মুলায়নকারী দ্বারা যাচাইয়ের ব্যবস্থা নেন। |
| রেকর্ড রাখা | কি তথ্য সংগ্রহ করতে হবে এবং কোথায় এটি সংরক্ষণ করা উচিত তার নির্দেশ প্রদান করে। | একজন প্রশিক্ষণ /মূল্যায়নকারী শিক্ষার্থীর তথ্য এবং মূল্যায়ন রেকর্ডসমূহ ইন্টারনেট ডাটাবেসে সংরক্ষণ করেন। |
| রিসোর্সসমূহ | কি ধরনের প্রশিক্ষণ এবং মূল্যায়ন রিসোর্সসমূহ ব্যবহার করা উচিত তার বিস্তারিত তথ্য জানায়। | প্রশিক্ষক / মূল্যায়নকারী কোর্সটি চালানোর জন্য সঠিক নির্দেশিকা এবং রিসোর্সসমূহ ব্যবহার করেন। |

নিচে একটি প্রশাসন কাঠামোর উদাহরণ দেখানো হয়েছে।




## ৯.২ প্রশিক্ষণ এবং মূল্যায়ন রেকর্ডিং

প্রশিক্ষক / মূল্যায়নকারীকে শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্যসমূহ এবং তাদের মূল্যায়নের ফলাফলগুলো রেকর্ড এবং সংরক্ষণ করা উচিত।

এই তথ্যসমূহ অন্তর্ভুক্ত করা উচিত:

- নাম
- বয়স
- লিঙ্গ
- যোগাযোগের ঠিকানা / যেখানে তারা বাস করেন
- পেশা
- কি ধরনের ভূমিকায় শিক্ষার্থীরা উপযুক্ত।
- মূল্যায়নের ফলাফল
- পরবর্তী মূল্যায়নের নির্ধারিত সময়

## পরিশিষ্ট ১: সংজ্ঞাসমূহ

RNLI এর সকল আন্তর্জাতিক প্রশিক্ষণ রিসোর্সে ব্যবহৃত শব্দগুলির জন্য নিন্মলিখিত সংজ্ঞাগুলো প্রাসঙ্গিক।

### প্রশিক্ষণ কাঠামো

#### হস্তক্ষেপ/মোকাবেলা

হস্তক্ষেপ/মোকাবেলা হচ্ছে একটি প্রক্রিয়া যার দ্বারা আমরা ডুবে যাওয়া ঝুঁকি কমাতে পারি, যেমন লাইফগার্ডিং, বন্যা।

#### মডিউল

একটি মডিউল একটি হস্তক্ষেপ/মোকাবেলা কার্যক্রমের ভিতরের কোন একটি বিষয়ের উপর দক্ষতা, যেমন বন্যা নিরাপত্তা।

#### ইউনিট

একটি মডিউল অনেকগুলো ইউনিটের সমন্বয়ে গঠিত। প্রতিটি ইউনিট কোন একটি নির্দিষ্ট বিষয়ের দক্ষতার সঙ্গে সংশ্লিষ্ট।

#### ইউনিটের অংশ বিশেষ

একটি ইউনিট বিভিন্ন ইউনিটের অংশ বিশেষের সমন্বয়ে গঠিত।

#### শেখার ফলাফল

একটি শেখার ফলাফল সাধারণত একটি ইউনিট শেষে একজন শিক্ষার্থী কি জানতে, বুঝতে এবং / অথবা করতে সক্ষম হবে তা সনাক্ত করে।

### মূল্যায়ন

#### মূল্যায়ন মানদণ্ড

শিক্ষার্থীদের অবশ্যই কি জানতে হবে, বুঝতে হবে এবং /অথবা প্রয়োজনে কোন নির্দিষ্ট ভূমিকায় কাজ সম্পন্ন করতে সক্ষম হবে তা সম্পর্কে মূল্যায়ন মানদণ্ডটি ব্যাখ্যা করে।

#### মূল্যায়ন নির্দেশিকা/গাইডলাইন

মূল্যায়ন নির্দেশিকা/গাইডলাইন শিক্ষার্থীদের কাছে শেখার মুল বিষয়গুলো তুলে ধরে যা জানাটা তাদের জন্য আবশ্যক অথবা কোন নিদিষ্ট এলাকায় দক্ষতা অর্জনের জন্য এটি জরুরি।

#### পারদর্শিতা

মূল্যায়ন নির্দেশিকাসমূহ অনুযায়ী নিয়মিতভাবে প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা, এবং মনোভাব প্রদর্শন করার ক্ষমতা হচ্ছে যোগ্যতা।

#### বর্ণনা করা

কি অনুরোধ করা হয়েছে তার তালিকা প্রস্তুত, একটি চূড়ান্ত এবং সংক্ষিপ্ত উত্তর ।

#### ব্যাখ্যা করা

কারণসহ কোন একটি ধারনা বোঝার জ্ঞান প্রদর্শন।

#### প্রদর্শন করা

বাস্তবিকভাবে টাস্ক/কাজটি সম্পন্ন করা।

### প্রশিক্ষক এবং শিক্ষার্থী

#### শিক্ষক

এমন কেউ যিনি একটি বিষয়ে শেখাতে সক্ষম, উদাহরণস্বরূপ, একজন শিক্ষার্থীকে যোগ্য হিসেবে মূল্যায়ন করা হয়েছে কারণ তিনি শিশুদের পানিতে জীবনরক্ষা মোকাবেলা কার্যক্রমসমূহ শেখাতে সক্ষম।

#### প্রশিক্ষক

এমন কেউ  যিনি প্রশিক্ষক / মূল্যায়নকারীর মডিউলটি সম্পন্ন করেছেন এবং মূল্যায়নের মানদণ্ড অনুযায়ী একজন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দিতে সক্ষম বলে বিবেচিত হয়েছেন।

### মূল্যায়নকারী

এমন কেউ  যিনি প্রশিক্ষক / মূল্যায়নকারীর মডিউলটি সম্পন্ন করেছেন এবং মূল্যায়নের মানদণ্ড অনুযায়ী একজন শিক্ষার্থীকে মূল্যায়ন করতে সক্ষম বলে বিবেচিত হয়েছেন।

### শিক্ষার্থী

এমন কেউ যিনি প্রশিক্ষণ এবং শিক্ষা গ্রহণ করছেন

### সহপাঠী /সহকর্মী

এমন কেউ যিনি আপনার সমান বা একই অবস্থানে আছেন।

### প্রশিক্ষক / মূল্যায়নকারী যাচাইকারী

এমন কেউ যিনি মাস্টার প্রশিক্ষক / মূল্যায়নকারীর মডিউলটি সম্পন্ন করেছেন এবং তিনি প্রশিক্ষক / মূল্যায়নকারীদের প্রশিক্ষণ এবং মূল্যায়ন করতে সক্ষম বলে বিবেচিত হয়েছেন।

## পরিশিষ্ট ২: তথ্যসূত্র

Kolb, DA (1984). *Experiential Learning: Experience as the Source of Learning and Development (Vol. 1)*. Englewood Cliffs, NJ: Prentice-Hall.

Carol Dweck. 2017. Mindset works. [ONLINE] Available at: https://www.mindsetworks.com. [Accessed 21 June 2018]

The Learning Pyramid – Adapted from Edgar Dale's Cone of Experience

**TP-INT-07-02**

Produced by RNLI Learning Resources